# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 16, 1433 Bangla, April 29, 2026, Wednesday, No. 116, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has commented that the country is walking on path of democracy after end of fascist regime. (R. Today: 19)

The Prime Minister has directed that Cox's Bazar Marine Drive road expansion project will be implemented without cutting down any trees. (Jago FM: 12)

Rosatom DG Alexey Likhachev has met with Prime Minister Tarique Rahman to discuss ongoing progress of Rooppur Nuclear Power Plant and Bangladesh's energy security situation. (BBC: 03)

Information and Broadcasting Minister has said, it is now time's demand to include climate-induced migration with country's ongoing development process. (Jago FM: 16)

Prime Minister's Information and Broadcasting Adviser has informed that due to supply shortage, the country is experiencing about 2,000 megawatts of load shedding. (BBC: 03)

Nine children have been killed from measles-like symptoms in 24 hours. (BBC: 03)

Bangladesh and China have expressed hope to further strengthen technical and military cooperation between two countries. (Jago FM: 14)

EU Election Observation Mission has suggested 19 recommendations to ensure transparency and credibility in Bangladesh's future electoral process. (DW: 11)

Bangladesh Meteorological Department has advised country's four seaports to hoist cautionary signal no-3 due to increased air pressure variation. (Jago FM: 14)

United Arab Emirates has announced its withdrawal from OPEC due to current global fuel oil situation. (BBC: 10)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১৬, বাংলা ১৪৩৩, এপ্রিল ২৯, ২০২৬, বুধবার, নং- ১১৬, ৫৬তম বছর**

# শিরোনাম

ফ্যাসিবাদী শাসনের অবসানের পর দেশ গণতন্ত্রের পথে হাঁটছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (রে. টুডে: ১৯)

গাছ না কেটে কক্সবাজারের মেরিন ড্রাইভ সড়ক প্রশস্তকরণ প্রকল্প এগিয়ে নেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর। (জাগো এফএম: ১২)

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের চলমান অগ্রগতি ও দেশের জ্বালানি নিরাপত্তা পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন রোসাটমের মহাপরিচালক। (বিবিসি: ০৩)

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেছেন, জলবায়ুজনিত অভিবাসন প্রক্রিয়াকে দেশের চলমান উন্নয়ন কার্যক্রমের সঙ্গে সমন্বিত করা এখন সময়ের দাবি। (জাগো এফএম: ১৬)

সরবরাহ ঘাটতি থাকায় সারাদেশে প্রায় দুই হাজার মেগাওয়াট লোডশেডিং হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা। (বিবিসি: ০৩)

২৪ ঘণ্টায় সারা দেশে হাম জনিত উপসর্গে অন্তত নয় শিশুর মৃত্যু। (বিবিসি: ০৩)

বাংলাদেশের ভবিষ্যৎ নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করতে ইইউ-র নির্বাচন পর্যবেক্ষণ মিশনের ১৯টি সুপারিশ। (ডয়েচে ভেলে: ১৪)

বাংলাদেশ ও চীনের সামরিক সম্পর্ক ও কৌশলগত বন্ধনকে আরও দৃঢ় করার ব্যাপারে সম্মত দুই দেশ। (জাগো এফএম: ১১)

বায়ুচাপের তারতম্যের কারণে দেশের চার সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। (জাগো এফএম: ১৪)

চলমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতির কারণে তেল উৎপাদনকারী দেশের জোট ওপেক থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে সংযুক্ত আরব আমিরাত। (বিবিসি: ১০)

# বিবিসি

## প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে দেখা করলেন রোসাটমের ডিজি

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের চলমান অগ্রগতি ও দেশের জ্বালানি নিরাপত্তা পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বৈঠক করেছেন রাশিয়ার রাষ্ট্রীয় পরমাণু শক্তি সংস্থা রোসাটমের মহাপরিচালক অ্যালেক্সি লিখাচেভ। মঙ্গলবার সকালে প্রধানমন্ত্রীর সঙ্গে তার এই সৌজন্য সাক্ষাতে প্রকল্পের নির্মাণকাজ নির্ধারিত সময়ে শেষ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। প্রধানমন্ত্রী তারেক রহমান প্রকল্প বাস্তবায়নে রাশিয়ার প্রযুক্তিগত সহযোগিতার প্রশংসা করেন। জবাবে রোসাটম মহাপরিচালক বাংলাদেশের পারমাণবিক সক্ষমতা অর্জনে পূর্ণ সমর্থনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। সভায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানসহ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট খাতের গুরুত্বপূর্ণ নীতিনির্ধারকরা উপস্থিত ছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## লোডশেডিং ও জ্বালানি সরবরাহ নিয়ে যে তথ্য দিল সরকার

সরবরাহ ঘাটতি থাকায় সারা দেশে এখনো প্রায় দুই হাজার মেগাওয়াট লোডশেডিং দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। এছাড়া, ফিলিং স্টেশনগুলোতে জ্বালানি তেলের জন্য ভিড় আগের মতো নেই বলেও দাবি করেছেন তিনি। মঙ্গলবার তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কর্মকাণ্ড নিয়ে নিয়মিত এক সংবাদ সম্মেলনে তিনি জানান, গত ২৬ এপ্রিল ১৪ হাজার ৩৫২ মেগাওয়াট বিদ্যুৎ চাহিদার বিপরীতে ১২ হাজার ৪৮৭ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়েছিল। এছাড়া, এই সংবাদ সম্মেলন থেকে দেশের জ্বালানি তেলের বর্তমান মজুতের তথ্যও গণমাধ্যমকে জানান তিনি। মি. রহমান বলেন, ২৭ এপ্রিল পর্যন্ত দেশে ১ লাখ ৭০ হাজার ৯৬৪ টন ডিজেল, ৪৪ হাজার ৪৮৩ টন অকটেন, ১৯ হাজার তিন টন পেট্রোল, ৩৭ হাজার ৯৬ টন ফার্নেস অয়েল এবং ২১ হাজার ২৩৫ টন জেট ফুয়েল মজুত রয়েছে। ৩০ এপ্রিলের মধ্যে আরও ১ লাখ ৮০ হাজার টন ডিজেল এবং ১৬ হাজার টন অকটেন দেশে আসবে বলেও জানান তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## ২৪ ঘণ্টায় হাম উপসর্গে নয়জনের মৃত্যু

গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে অন্তত নয়জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত ২৭৩ জন রোগী হাম উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেছেন। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় দেশে সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ হাজার ২৭৬ জন। এই সময় ১৬৩ জন নিশ্চিত হাম রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ পর্যন্ত সন্দেহজনক হাম রোগী ভর্তির সংখ্যা ২৩ হাজার ৩৪৮ জন। আক্রান্তদের মধ্যে ১৯ হাজার ৯৯১ জন এখন পর্যন্ত সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন বলেও জানানো হয় স্বাস্থ্য অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ফুয়েল লোডিং শুরু

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের রিঅ্যাক্টরে ফুয়েল লোডিং কার্যক্রমের উদ্বোধন করেছেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম। মঙ্গলবার ফুয়েল লোডিং কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে রাশিয়ার রাষ্ট্রীয় পরমাণু শক্তি সংস্থা রোসাটম এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এই প্রকল্পের উদ্বোধন দেশের বিজ্ঞান ও প্রযুক্তি চর্চা এবং জ্বালানি নিরাপত্তা নিয়ে নির্বাচনি ইশতেহারে যে অঙ্গিকার সরকার করেছিল, তার একটি শক্তিশালী প্রতিফলন বলে মন্তব্য করেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী। তিনি বলেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটে ফুয়েল লোডিংয়ের মধ্যদিয়ে বিশ্বের ৩৩তম দেশ হিসেবে পরমাণু বিদ্যুৎ যুগে প্রবেশ করলো বাংলাদেশ।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নিয়ে কয়েকটি প্রশ্ন ও উত্তর

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের চুল্লিতে 'ফুয়েল লোডিং' শুরু হচ্ছে। এর মধ্যদিয়ে ৩৩তম দেশ হিসেবে পারমাণবিক শক্তি ব্যবহারকারী দেশ হচ্ছে বাংলাদেশ। দেশের সবচেয়ে ব্যয়বহুল এই বিদ্যুৎকেন্দ্রটির নির্মাণ খরচ, কবে বিদ্যুৎ পাওয়া যাবে, গ্রিড সক্ষমতা ও সঞ্চালন লাইনের কাজ কতদূর?- এমন নানা প্রশ্ন সামনে আসছে।

### বিদ্যুৎকেন্দ্রটি নির্মাণে কত খরচ হলো?

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র দেশের সবচেয়ে ব্যয়বহুল প্রকল্পগুলোর একটি। রাশিয়ার কারিগরি সহায়তায় পাবনার রূপপুরে বিগত আওয়ামী লীগ সরকারের আমলে, ২০১৭ সালে এর মূল নির্মাণকাজ শুরু হয়। বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের তথ্য অনুযায়ী, এখানে মোট খরচ হয়েছে প্রায় ১২.৬৫ বিলিয়ন ডলার, যার মধ্যে ৯০ শতাংশ অর্থায়ন করেছে রাশিয়া। এই পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের মূল নির্মাণকাজ শুরুর জন্য ২০১৬ সালে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থেকে সাইটিং লাইসেন্স প্রদান করা হয়।

**বিদ্যুৎ পাওয়া যাবে কবে?**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক অধ্যাপক মো. শফিকুল ইসলাম বলছেন, সাধারণত পাইলট অপারেশন শুরু হওয়ার পর থেকেই বিদ্যুৎ উৎপাদনও শুরু হয়। তবে বাণিজ্যিক উৎপাদন শুরু হতে আরও অন্তত ছয় মাস থেকে এক বছর সময় লাগবে। বিবিসি বাংলাকে তিনি বলেন, "পাইলট অপারেশনের সময় কিছু কিছু করে বিদ্যুৎ গ্রিডে যাবে। পাঁচ শতাংশ বা দশ শতাংশ হারে ক্ষমতা ব্যবহার করে পরীক্ষা চালানোর সময় ফুয়েল বার্ন হবে, যাতে একশ, দুইশ, আড়াইশো কেবি (কিলোবাইট) তো যাবে।"

**সঞ্চালন লাইনের কী অবস্থা?**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট থেকে উৎপাদিত বিদ্যুতের জন্য গ্রিড সক্ষমতা এবং সঞ্চালন লাইনের কাজ ২০২৫ সালের মে মাসেই শেষ করা হয়েছে বলে জানিয়েছেন গ্রিড কোম্পানি অব বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক আবদুর রশিদ খান। তিনি জানিয়েছেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট থেকে যে ১১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে, তার জন্য গ্রিডের প্রয়োজনীয় সক্ষমতা আগেই সম্পন্ন করার হয়েছে। "ইউনিট ওয়ানের জন্য আমাদের যে কয়টা লাইন দরকার, সেগুলো গত বছরের ৩০ মে'র মধ্যেই শেষ করে ফেলেছি। আমাদের চারটা লাইন রেডি হয়ে আছে তখন থেকেই," বিবিসি বাংলাকে বলেন তিনি। মি. খান জানান, "রূপপুর-বাঘাবাড়ি দুটি সার্কিট, রূপপুর-বগুড়া একটি এবং রূপপুর-গোপালগঞ্জ একটি সার্কিট- এই চারটি রেডি আছে। যেগুলোর ক্যাপাসিটি চারশ মেগাওয়াট।"(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## কয়েক ঘণ্টার বৃষ্টিতে নিমজ্জিত চট্টগ্রাম

মাত্র কয়েক ঘণ্টার টানা বৃষ্টিতে চট্টগ্রামের বিভিন্ন এলাকা পানিতে নিমজ্জিত হয়ে গেছে। বার্তা সংস্থা বাসস বলছে, দুপুরের পর থেকে শুরু হওয়া ভারী বৃষ্টিতে নগরীর প্রবর্তক মোড়সহ বিভিন্ন এলাকায় কোমর সমান পানি জমে যায়। এতে ওই সড়ক ব্যবহারকারীদের চরম দুর্ভোগে পড়তে হচ্ছে। যানবাহন চলাচল প্রায় বন্ধ হয়ে যায় এবং পথচারীরা বাধ্য হয়ে ঝুঁকি নিয়ে পানির মধ্যদিয়ে চলাচল করছে। চট্টগ্রাম আমবাগান আবহাওয়া অফিসের ইনচার্জ বিজন রায় বাসসকে বলেন, সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চট্টগ্রামে ১০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। মৌসুমি বায়ু সক্রিয় থাকায় আগামী ২৪ ঘণ্টায়ও বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে বলে তিনি জানান। এদিকে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সাথে কথা বলে জানা গেছে, আজ ভোর ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চট্টগ্রাম বিভাগের দুই জেলা, ফেনী ও কুমিল্লাতে ভারী বৃষ্টিপাত হয়েছে। ছয় ঘণ্টায় ফেনীতে ১২৬ ও কুমিল্লায় ১০২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ রুবাইয়া)

## নিউমার্কেট এলাকায় মোটরসাইকেলে এসে গুলি, একজন নিহত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শাহনেওয়াজ হলের নিকটবর্তী বটতলায় মোটরসাইকেলে করে এসে গুলি করার ঘটনায় একজন নিহত হয়েছে। আজ মঙ্গলবার রাতে বিষয়টির সত্যতা বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন নিউমার্কেট থানা পুলিশ। নিউ মার্কেট থানার ইন্সপেক্টর (তদন্ত) আনোয়ার হোসেন খান বিবিসিকে জানান, কে বা কারা গুলি করেছে, সে বিষয়ে এখনও কিছু জানতে পারেনি পুলিশ। নিহত ওই ব্যক্তির বয়স আনুমানিক ৩৫ বছর। থানার ডিউটি অফিসার সাব-ইন্সপেক্টর শাহীন হোসেন বলেন, আনুমানিক আজ রাত ৮টা নাগাদ ঘটনাটি ঘটেছে। এরপর তাকে উদ্ধার করে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, একটি মোটরসাইকেলে করে এসে দুইজন ব্যক্তি এসে ওই ব্যক্তিকে গুলি করে। সেই সময় স্থানীয় লোকজন ধাওয়া দিলে তারা জনতাকে উদ্দেশ্য করেও গুলি ছুড়ে পালিয়ে যায়। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ রুবাইয়া)

মাথাপিছু জিডিপিতে ভারতকে ছাড়িয়ে যাবে বাংলাদেশ**-** আইএমএফের পূর্বাভাসের অর্থ কী**?**

সম্প্রতি আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ তাদের 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক' প্রতিবেদন প্রকাশ করেছে, যেখানে পূর্বাভাস দেওয়া হয়েছে যে, ২০২৬ সালে বাংলাদেশের মাথাপিছু মোট দেশজ উৎপাদন বা জিডিপি ভারতকে ছাড়িয়ে যেতে পারে। এই প্রতিবেদন অনুযায়ী, বছর শেষে বাংলাদেশের মাথাপিছু জিডিপি হবে ২ হাজার ৯১১ ডলার, আর ভারতের ২ হাজার ৮১২ ডলার। দীর্ঘমেয়াদি অর্থনৈতিক প্রবৃদ্ধি, রপ্তানি আয়ের ধারাবাহিকতা এবং জনসংখ্যা বৃদ্ধির ধীরগতির কারণে এ সম্ভাবনা তৈরি হয়েছে বলেও প্রতিবেদনে জানিয়েছে আইএমএফ। আয়তনের দিক থেকে বাংলাদেশ তুলনায় ভারতের অর্থনীতি অনেক বড়ো। তবে, চলতি বছর মাথাপিছু জিডিপি প্রবৃদ্ধির এই হার সামান্য কিছু বাড়লেও, পরবর্তী বছর, ২০২৭ সালে আবার বাংলাদেশের তুলনায় এগিয়ে যেতে পারে ভারত। অর্থনীতিবিদরা বলছেন, মাথাপিছু জিডিপি বাড়ার পূর্বাভাস দেখে আত্মতুষ্টিতে ভোগার খুব বেশি সুযোগ নেই। কারণ এটা বাংলাদেশের মানুষের জীবনমানে খুব একটা পরিবর্তন আনবে না। মাথাপিছু জিডিপিতে এগিয়ে থাকার পেছনে আন্তর্জাতিক মুদ্রার বিনিময় হারে স্থিতিশীলতাসহ কয়েকটি কারণে হতে পারে বলেও মনে করছেন অর্থনীতিবিদরা।

কী আছে আইএমএ**ফে**র প্রতিবেদনে**?**

আইএমএফের 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক' সাধারণত বছরে দুইবার প্রকাশিত হয়, যেখানে বিশ্ব অর্থনীতি বিশ্লেষণ করে স্বল্প ও মধ্যমেয়াদি পূর্বাভাস দেওয়া হয়। গত ১৪ এপ্রিল আইএমএফ যে 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক' প্রতিবেদন

প্রকাশ করেছে। এই প্রতিবেদনে পূর্বাভাসে বলা হয়েছে, এ বছর যেখানে বাংলাদেশের মাথাপিছু জিডিপি হতে পারে ২ হাজার ৯১১ ডলার, সেখানে ভারতের হতে পারে দুই হাজার ৮১২ ডলার। এর আগের বছর অর্থাৎ ২০২৫ সালের যে হিসাব রয়েছে, সেখানে দেখা গেছে, ২০২৫ সালে ভারতের জিডিপি ছিল ৩ হাজার ৯১৬ বিলিয়ন ডলার। বিপরীতে বাংলাদেশের মাত্র ৪৫৮ বিলিয়ন ডলার। অর্থনীতিবিদ ও বিশ্ব ব্যাংকের সাবেক লিড ইকনোমিস্ট জাহিদ হোসেন বলেন, ভারত ও বাংলাদেশের অর্থনীতিতে অনেক বেশি পার্থক্য রয়েছে। কোনো এক বছরের মাথাপিছু জিডিপি দিয়ে কোনো একটি দেশের অর্থনীতিকে তুলনামূলক পার্থক্যের জায়গায় নেওয়ার সুযোগ নেই। অর্থনীতিবিদ জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, "যেহেতু আন্তর্জাতিক মুদ্রার বিনিময় হারকে জিডিপি দিয়ে ভাগ করা হয়, সে কারণে এই পার ক্যাপিটা জিডিপিতেও পরিবর্তন আসে। আইএমএফের রিপোর্ট বিশ্লেষণ করলেও সেটি আরো স্পষ্ট হয়।" এই অর্থনীতিবিদের এই বক্তব্য কিছুটা স্পষ্ট হয় রিপোর্টের পরের ধাপে। কেননা, ২০২৬ সালে ভারতের মাথাপিছু জিডিপি কমলেও, ২০২৭ সালে সেটি আরো বাড়তে পারে বলেই পূর্বাভাস দেওয়া হয়েছে। আর এই বৃদ্ধি ২০৩১ সাল পর্যন্ত অব্যাহত থাকতে পারে বলেও ধারণা দিচ্ছে আইএমএফ। অর্থনীতিবিদ সেলিম রায়হান বিবিসি বাংলাকে বলছিলেন, "জিডিপিতে এগিয়ে থাকা আমার কাছে খুব গুরুত্বপূর্ণ মনে হয় না। বাংলাদেশের অর্থনীতি যে সংকটে আছে, এখানে এটা আমাদের খুব বেশি স্বস্তির বার্তা দেবে, এটা ভাবার কোনো কারণ নেই।"

দুই দেশের জিডিপিতে পার্থক্যের কারণ কী?

জনসংখ্যা কিংবা অর্থনৈতিক দিক থেকে বাংলাদেশ ভারতের মধ্যে পার্থক্য অনেক। তবুও, নানা কারণে মাথাপিছু জিডিপি প্রবৃদ্ধির দিক থেকে দুইটি দেশের গড় হিসাবের মধ্যে এক ধরনের তুলনা আসে এবং হ্রাস-বৃদ্ধির চিত্র দেখা যায় অর্থনৈতিক প্রতিবেদনে। অর্থনীতিবিদরা বলছেন, জিডিপি যেভাবে হিসাব করা হয়, সেটি একটি ত্রুটিপূর্ণ পদ্ধতি। কেননা, জিডিপি শুধু যে-সব পণ্য ও সেবা বাজারে অর্থের বিনিময়ে কেনা-বেচা করা যায়, সেগুলোকেই হিসাবের মধ্যে নেয়। অন্যদিকে, এই প্রবৃদ্ধির হিসাব অনুমাননির্ভরও হয়ে থাকে, যে কারণে আইএমএফ যে পূর্বাভাস দেওয়া হয়, সেটি বাস্তবতার সাথে মেলে না। তবে, এর পেছনে আন্তর্জাতিক মুদ্রার বিনিময় হার, মুদ্রাস্ফীতিসহ বেশ কিছু কারণকে গুরুত্ব দিচ্ছেন অর্থনীতিবিদরা। অর্থনীতিবিদ জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, "যেহেতু দেশীয় মুদ্রার বিনিময় হার দিয়ে জিডিপিকে ভাগ দেওয়া হয়, সেখানে যেই মুদ্রার বিনিময় হার ডিপ্রেশিয়েট (অবমূল্যায়ন) করেছে, তারটা তো ডলারে কমে যায়। এটা একটি অন্যতম কারণ হতে পারে।" অর্থনীতিবিদরা মনে করছেন, বর্তমানে আইএমএফ যে পূর্বাভাস দিচ্ছে, তার অনেক কিছুই বদলে যেতে পারে নানা কারণে। তার মধ্যে অন্যতম একটি কারণ রয়েছে মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি। যে কারণে ভারতের চেয়ে বাংলাদেশের এক বছর জিডিপি প্রবৃদ্ধিতে এগিয়ে যাওয়াও অর্থনৈতিকভাবে বাংলাদেশ এগিয়ে গেছে এমনটি নয়।

অর্থনীতিবিদ ও সানেমের নির্বাহী পরিচালক সেলিম রায়হান বিবিসি বাংলাকে বলেন, "এর আগেও মাথাপিছু জিডিপিতে বাংলাদেশ ভারত থেকে এগিয়ে ছিল। তার মানে এই না যে, আমাদের অর্থনীতি ভারতের চেয়ে অনেক এগিয়ে গেছে। কেননা, বাংলাদেশের অর্থনীতি এখনো অনেক জটিল অবস্থার মধ্যে রয়েছে।" অর্থনীতিবিদ সেলিম রায়হান বিবিসি বাংলাকে বলেন, "এটা নিয়ে আত্মসন্তুষ্টিতে সময় কাটানোর কোনো সুযোগই নাই। কেননা, আমাদের অর্থনীতির প্রবৃদ্ধি নিম্নমুখী, বিনিয়োগেও আছে স্থবিরতা। সেই সাথে এখন মধ্যপ্রাচ্যের সংকট, মূল্যস্ফীতির ধাক্কা লেগেছে ভালোমতোই।" অর্থনীতিবিদরা মনে করছেন, জিডিপির হিসাবের এই তথ্যগুলো নিয়ে বিভিন্ন সময় নানা প্রশ্ন ছিল। অন্যদিকে, বর্তমান বিশ্বের অর্থনৈতিক অবস্থার কারণে মাথাপিছু জিডিপির হিসাব নিয়ে দুই দেশের কারোরই উৎসাহিত হওয়া কিংবা উপসংহারে আসার সুযোগ নেই। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৪.২০২৬ আলী আহমেদ)

## সমুদ্র বন্দরে তিন ও নদী বন্দরে দুই নম্বর সতর্ক সংকেত

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের প্রভাবে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। আজ মঙ্গলবার আবহাওয়া অধিদপ্তর এক সতর্কবার্তায় এ তথ্য জানিয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে এই সতর্কবার্তায়। এছাড়া, আরেকটি পৃথক বিজ্ঞপ্তিতে আবহাওয়া অফিস আজ মঙ্গলবার বিকাল ৪টা থেকে দিবাগত রাত ১টা পর্যন্ত দেশের কিছু এলাকার নদী বন্দরে দুই নম্বর সতর্ক সংকেত দেখাতে বলেছে। এতে বলা হয়েছে, ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম বা উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৬০-৮০ কিলোমিটার বেগে বৃষ্টি বা বজ্রবৃষ্টিসহ ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। তাই, এসব এলাকার নদী বন্দরে দুই নম্বর সতর্ক সংকেত দেখাতে হবে। এছাড়া, যশোর, কুষ্টিয়া, ঢাকা, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে একই দিক থেকে থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিলোমিটার বেগে বৃষ্টি বা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে এক নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ রুবাইয়া)

বৃষ্টি, কালবৈশা**খি,** ঘূর্ণিঝড়, লঘুচাপ-মে মাসে কেমন থাকবে বাংলাদেশের আবহাওয়া?

গত এক সপ্তাহ ধরে ঢাকাসহ দেশের প্রায় সব বিভাগেই টানা বৃষ্টি ও বজ্রপাত হচ্ছে। এর ফলে ঠাণ্ডা আবহাওয়া বিরাজ করলেও, বজ্রপাতে এখন পর্যন্ত সারা দেশে প্রায় ৫৬ জন মারা গেছেন। বজ্রপাতের জন্য আগাম সতর্ক বার্তা দেওয়া হলেও কমছে না মৃত্যু। যদিও আবহাওয়ার পূর্বাভাস সম্পর্কে মানুষ যে এখন বেশ উদগ্রীব, সেটি গুগল সার্চেই প্রমাণ হয়। কেননা, গুগল ট্রেন্ডিং-এর শীর্ষেই রয়েছে আবহাওয়া ও বৃষ্টি সম্পর্কে মানুষের নানা প্রশ্ন। এরই মধ্যে, বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর কালবৈশাখি ঝড়, ভারী বৃষ্টিপাতসহ বেশ কয়েকটি সতর্কবার্তা দিয়েছে। এরই মধ্যে, মঙ্গলবার সকাল ১১টা থেকে পরবর্তী ৪৮ ঘণ্টার জন্য কালবৈশাখি ঝড়ের একটি সতর্কবার্তা দেওয়া হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের দেওয়া এই সতর্কবার্তায় বলা হয়েছে, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম এবং সিলেট বিভাগের ওপর দিয়ে বিদ্যুৎ চমকানোসহ পশ্চিম বা উত্তরপশ্চিম দিক থেকে ঘণ্টায় ৬০ থেকে ৮০ কিলোমিটার বেগে কালবৈশাখি ঝড় বয়ে যেতে পারে। তবে, আগামী দশদিনের মধ্যে আপাতত বঙ্গোপসাগরে কোনো লঘুচাপ তৈরি এবং ঘূর্ণিঝড় হওয়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। তবে, সাগরে তীব্র গতির বাতাস থাকার কারণে বাংলাদেশের সমুদ্র বন্দরগুলোতে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। কিন্তু মে মাসের প্রথম সপ্তাহের পর থেকে স্বাভাবিকের চেয়ে তাপমাত্রা বেশি থাকতে পারে বলে পূর্বাভাস দিয়েছেন আবহাওয়াবিদ মুহাম্মাদ আবুল কালাম মল্লিক।

"ক্রুয়েলেস্ট মান্থ এপ্রিল এবার অনেকটাই সহনশীল"

আবহাওয়াবিদরা জানিয়েছেন, এপ্রিল মাসে সাধারণত গড় তাপমাত্রা থাকে ৩৩ দশমিক দুই ডিগ্রি। কখনও কখনও এই তাপমাত্রা বেড়ে ৩৬ থেকে ৪২ ডিগ্রির মধ্যে ওঠানামা করে এই মাসে। তবে এবার শুধুমাত্র একবারই ২২ এপ্রিল রাজশাহীতে ৪০ ডিগ্রি তাপমাত্রা ছিল বলে জানান আবহাওয়াবিদ মি. মল্লিক। "এরপরে এখন যে তাপমাত্রা বাংলাদেশে বিদ্যমান রয়েছে, তা অনেকটাই স্বস্তিদায়ক। আপাতত তাপপ্রবাহ নাই। গরমের অনুভূতির তীব্রতাও কম" বলে জানান মি. মল্লিক। "উচ্চ তাপমাত্রার ক্রুয়েলেস্ট এপ্রিল মাস এবার অনেকটাই সহনশীল। এবার এপ্রিল মাসের গড় তাপমাত্রা অনেকটাই সহনশীল এবং স্বস্তিদায়ক এপ্রিল মাস পেয়েছি আমরা" বলেন, এই আবহাওয়াবিদ।

কালবৈশা**খি** ঝড় কখন, কেন ও কতগুলো হয়?

সাধারণত মার্চ, এপ্রিল, মে এই তিন মাসকে প্রি-মনসুন বা প্রাক-বর্ষা বলা হয় বলে জানান আবহাওয়াবিদ মি. মল্লিক। এই প্রাক-বর্ষা মৌসুমে যে ৩৮ শতাংশ বজ্রঝড় হয় বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গে, স্থানীয়ভাবে সেটিকে কালবৈশাখি ঝড় বলা হয়। কিন্তু সব বজ্রঝড়ই কালবৈশাখি ঝড় নয় উল্লেখ করে মি. মল্লিক বিবিসি বাংলাকে বলেন, "তবে, জুন, জুলাই, আগস্ট এবং সেপ্টেম্বরে যে বজ্রঝড় হয়, সেটি কালবৈশাখি ঝড় নয়, আমরা বজ্রঝড়ই বলি।" এই বজ্রঝড়ের পরিমাণ প্রায় ৫১ শতাংশ বলে উল্লেখ করেন তিনি। মি. মল্লিক বলছিলেন, প্রি-মনসুন এই মৌসুমে মেঘ থেকে ভূমিতে অথবা ভূমি থেকে মেঘে বজ্রপাত বেশি হয় এবং মানুষ বেশি মারা যাচ্ছে। কতগুলো কালবৈশাখি ঝড় এই মৌসুমে হয়ে থাকে এমন প্রশ্নে এই আবহাওয়াবিদ জানান, মার্চ মাসে গড়ে পাঁচ থেকে ছয়টি, এপ্রিল মাসে গড়ে নয়টি এবং মে মাসে ১৩টি কালবৈশাখ ঝড় হয়। তবে, "২০২৬ সালে, এবার বজ্রমেঘ তৈরির ঘনঘটা বৃদ্ধি পেয়েছে, এখন পর্যন্ত দশটির অধিক বজ্রঝড় অলরেডি তৈরি হয়েছে। মানে স্বাভাবিক বজ্রঝড় যে নয়দিন হওয়ার কথা, তার চেয়ে এবার বেশি হয়েছে" বলেন, মি. মল্লিক। ৭৬ বছরের মধ্যে ২০২৪ সালেই টানা ৩৫ দিন সর্বোচ্চ তাপমাত্রা ছিল উল্লেখ করে তিনি বলেন, এবার তা নেই, বজ্রঝড় বেশি হওয়ার কারণেই এবারের এপ্রিল অনেক বেশি স্বস্তিদায়ক ছিল। ২০২৪ সালের এপ্রিলে কালবৈশাখি ঝড় কম হওয়ার কথা জানিয়েছিলেন আবহাওয়াবিদরা। তবে এবার এই ঝড় কেন বেশি হয়েছে এমন প্রশ্নে মি. মল্লিক জানান, "বিভিন্ন কারণে বজ্রঝড়ের ব্যত্যয় ঘটেছে। লোকাল এবং গ্লোবাল অ্যাটমসফেরিক কন্ডিশনের মধ্যে যে মিথস্ক্রিয়া, তার মধ্যে ব্যত্যয় ঘটায় এবার বজ্রমেঘ তৈরির ঘনঘটা বৃদ্ধি পেয়েছে।" বিশেষ করে সিলেটে এবার এই কালবৈশাখি ঝড় বেশি হয়েছে বলে উল্লেখ করেন তিনি। "বুধবার থেকে রাজশাহী এবং খুলনা বিভাগে বজ্রমেঘ তৈরি বৃদ্ধি পেতে পারে এবং বজ্রঝড় তৈরি হতে পারে এবং ব্যাপক তাণ্ডব চালাতে পারে" বলেন, আবহাওয়াবিদ মি. মল্লিক।

ভারী বৃষ্টিপাত ও সমুদ্র সংকেতের যে সতর্কবার্তা

মঙ্গলবার সকালে ৯৬ ঘণ্টার জন্য ভারী বৃষ্টিপাতের এক সতর্কবার্তা দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এতে বলা হয়েছে, দেশের অভ্যন্তরে বজ্রমেঘ তৈরি অব্যাহত থাকায় পরবর্তী ৯৬ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম এবং সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। আর এই ভারী বৃষ্টিপাত ২৪ ঘণ্টায় ৪৪ থেকে ৮৮ মিলিমিটার বেগে এবং অতি ভারী বৃষ্টিপাত ২৪ ঘণ্টায় ৮৮ মিলিমিটার বা এর বেশিও হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একইসঙ্গে, ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে ওইসব এলাকার কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতাসহ চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধস হতে পারে বলে সতর্ক করেছে অধিদপ্তর। পৃথক আরেকটি আবহাওয়ার সতর্কবার্তায়, উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগর ও এই সংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য রয়েছে বলে জানিয়েছে

আবহাওয়া অধিদপ্তর। চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রাসহ এই চারটি সমুদ্রবন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর।

আগামী পাঁচদিনের আবহাওয়ার যে পূর্বাভাস দিয়েছে অধিদপ্তর

আবহাওয়া অধিদপ্তর ২ মে পর্যন্ত পাঁচদিনের যে পূর্বাভাসে দিয়েছে তাতে বলা হয়েছে, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট এবং বরিশালসহ এই পাঁচ বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে। এছাড়া, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া বিদ্যুত চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এই পূর্বাভাসে দেখা যাচ্ছে, ঢাকাসহ দেশের সবকটি বিভাগেই ২ মে পর্যন্ত মাঝারি বা ভারী বৃষ্টিপাত হতে পারে। এরপরে বৃষ্টিপাতের প্রবণতা কমতে পারে এবং তাপমাত্রা আরো বাড়তে পারে।
(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৪.২০২৬ নারগীস)

দুই বাংলাদেশি শিক্ষার্থী হত্যায় অভিযুক্ত হিশাম চ্যাটজিপিটিকে নানা প্রশ্ন জিজ্ঞেস করেছিলেন

"আমার ভাইয়া খুবই হার্ডওয়ার্কিং এবং খুবই জলি এবং সে সব সময় হেসে কথা বলতো। রিসার্চ বা কাজ নিয়ে সে খুবই সতর্ক ছিল। বৃষ্টি খুব ভালো রান্না করতে পারে এবং খুব ভালো গান গায়," যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় নিহত নাহিদা সুলতানা বৃষ্টি ও জামিল আহমেদ লিমন সম্পর্কে এভাবেই বিবিসি বাংলাকে বলছিলেন জামিল আহমেদ লিমনের ভাই জুবায়ের আহমেদ। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় দুই বাংলাদেশি শিক্ষার্থীর মৃত্যুর ঘটনায় নিহত জামিল আহমেদের ২৬ বছর বয়সি রুমমেট হিশাম আবুঘরবেহ'র বিরুদ্ধে হত্যার অভিযোগ আনা হয়েছে। শুক্রবার হিশাম আবুঘরবেহকে হিলসবরোতে তার পারিবারিক বাসস্থান থেকে আটক করা হয়। যদিও তিনি ২০২৩ সাল থেকে পরিবারের সাথে সেই বাসায় থাকতেন না। শুক্রবার সকালে হঠাৎ তাকে বাসায় দেখে চমকে ওঠেন বলে যুক্তরাষ্ট্রে বিবিসির মার্কিন সহযোগী সিবিএস নিউজকে জানান হিশাম আবুঘরবেহ'র ছোট ভাই আহমেদ আবুঘরবেহ। পুলিশের রিপোর্ট অনুযায়ী, শুক্রবার সকালে হিশাম আবুঘরবেহর ছোটো বোন হঠাৎ দেখেন যে, তার ভাই লিভিং রুমে বসে টাওয়েল পড়ে ভিডিও গেমস খেলছেন। বোনকে দেখে তিনি এগিয়ে গেলে তার বোন তাকে ধাক্কা দিয়ে সরিয়ে দেন। এরপর হিশামের ছোটো ভাই আহমেদ আবুঘরবেহ পুলিশকে ফোন করে তার ভাইয়ের উপস্থিতির খবর দেন। এর কিছুক্ষণ পর সোয়াট টিম এসে সেখান থেকে হিশাম আবুঘরবেহকে আটক করে।

এর আগে, যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডায় পিএইচডি করতে যাওয়া দুই বাংলাদেশি শিক্ষার্থী জামিল আহমেদ লিমন ও নাহিদা সুলতানা বৃষ্টি ১৬ এপ্রিল নিখোঁজ হন। জামিলের রুমমেট ছিলেন হিশাম। হিশাম আবুঘরবেহকে আটকের পর হাওয়ার্ড ফ্রাঙ্কলিন ব্রিজের কাছে তল্লাশি চালায় পুলিশ। এরপর জামিল লিমনের মৃতদেহ পাওয়া যায়। যদিও বৃষ্টির মরদেহ এখনো পাওয়া যায়নি। বৃষ্টির ভাই জাহিদ হাসান প্রান্ত গত শনিবার বিবিসি বাংলাকে জানিয়েছিলেন যে, "পুলিশ এখনো মরদেহ না পেলেও সন্দেহভাজনের অ্যাপার্টমেন্টে পাওয়া রক্তের পরিমাণ দেখে তারা বিষয়টি নিশ্চিত করেছে।" জামিল আহমেদের ভাই জুবায়ের আহমেদ বলছিলেন, হিশাম আবুঘরবেহ'র ব্যবহার সম্পর্কে নিজের পরিবারকে জানিয়েছিলেন নিহত জামিল লিমন। "ভাইয়া দুই মাস হলো ওই অ্যাপার্টমেন্টে উঠেছেন। হিশাম এবং আরেকজন ইন্ডিয়ান রশিদ আগে থেকেই ওখানে অ্যাপ্যার্টমেন্টে ছিল। ভাইয়াকে বিষয়টা জানানো হয়নি যে, তার ক্রিমিনাল রেকর্ড আছে।" "ভাইয়া শুরু থেকে আমাদের এটা বলত যে, তার ওই আমেরিকান রুমমেটটা খুবই আনপ্লিজেন্ট, আনসোশ্যাল এবং সারাক্ষণ রুমের মধ্যেই থাকে। আমি যেটা জানতে পারছি, ভাইয়ার ক্লোজ ফ্রেন্ডের মাধ্যমে ভাইয়া এবং রশিদ দুইজনেই হচ্ছে একসাথে হয়ে হিশামের বিরুদ্ধে কমপ্লেইন (অভিযোগ) করেছিল। সেটা ১৫ দিনের মতো আগে, মানে ঘটনা ঘটার ১৫ দিন আগে," বিবিসি বাংলাকে বলছিলেন জুবায়ের আহমেদ। হিশাম আবুঘরবেহ'র বিরুদ্ধে তার পরিবারের সদস্যরা এর আগে দুইবার প্রোটেক্টিভ অর্ডার জারির আবেদন করেছিল। সাধারণত কোনো ব্যক্তি যেন তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে সহিংস আচরণ না করতে পারে, তা নিশ্চিত করতে প্রোটেক্টিভ অর্ডার জারি করে আদালত।

২০২৫ সালে হিশাম আবুঘরবেহ তার ছোটো ভাই আহমেদ আবুঘরবেহকে শারীরিকভাবে আক্রমণ করার পর তিনি একটি প্রোটেক্টিভ অর্ডার জারির আবেদন করেন। সিবিএস নিউজের তথ্য অনুযায়ী, ওই আবেদনে আহমেদ আবুঘরবেহ উল্লেখ করেছিলেন যে, হিশাম আগেও পরিবারের সদস্যদের সাথে সহিংস আচরণ করেছেন। একবার তার মায়ের সাথে সামান্য কথা কাটাকাটির জেরে পুরো লিভিং রুম ভেঙে ফেলেছিলেন হিশাম আবুঘরবেহ। ওই আবেদনে আরও উল্লেখ করা হয়, হিশাম কখনও কখনও মধ্যরাতে নিজেকে ঈশ্বর বলে দাবি করে চিৎকার করে উঠতেন এবং বলতেন যে, সবার তার সামনে মাথা নত করা উচিত। হিশাম আবুঘরবেহরকে অভিযুক্ত করে দাখিল করা নথিতে পুলিশ উল্লেখ করেছে যে, তিনি ৭ এপ্রিল অ্যামাজন থেকে ডাক্ট টেপ এবং ১১ এপ্রিল ময়লা ফেলার ট্রাশ ব্যাগ কিনেছিলেন। এছাড়া, তিনি ১৩ এপ্রিল চ্যাটজিপিটিকে জিজ্ঞেস করেছিলেন যে, কালো গার্বেজ ব্যাগে মানুষ ভরে ময়লার ভাগাড়ে ফেলে দিলে কী হবে? জবাবে চ্যাটজিপিটি বলেছিল যে, এটি বিপজ্জনক। এরপর হিশাম জিজ্ঞেস করেছিলেন যে, তারা খুঁজে পাবে কীভাবে? এরপর ১৭ এপ্রিল রাতে তিনি চ্যাটজিপিটিকে জিজ্ঞেস করেছিলেন যে, হিলসবরো রিভারসাইড পার্কে গাড়ি চেক করা হয় কিনা? হিলসবরো কাউন্টি শেরিফ ডিপার্টমেন্ট তাদের অফিসিয়াল ফেসবুক পেজে বিজ্ঞপ্তি দিয়ে আহ্বান

জানিয়েছে যে, রিভারসাইড পার্ক এলাকায় ১৭ এপ্রিল রাত ১টা থেকে ভোর ৪টা পর্যন্ত কোনো গাড়ি যদি উপস্থিত থেকে থাকে, তাহলে সেসব গাড়ির ড্যাশক্যামের ফুটেজ দিয়ে যেন পুলিশকে তদন্তে সহায়তা করা হয়। দুই বাংলাদেশি শিক্ষার্থী নিখোঁজ হওয়ার পর হিলসবরো কাউন্টি শেরিফ থেকে তাদের 'মিসিং এনডেনজার এডাল্ট' বা নিখোঁজ বিপদগ্রস্ত প্রাপ্তবয়স্ক মানুষ বলে ঘোষণা করা হয়েছিল। সেটা দেখে হিশাম চ্যাটজিপিটিকে জিজ্ঞেস করেছিলেন, এর মানে কী বোঝায়? শেরিফ অফিস জানিয়েছে, এই ঘটনায় তারা চ্যাটজিপিটিকে অভিযুক্ত করার কথাও ভাবছেন।

শেরিফ অফিসের বরাত দিয়ে সিবিএস জানিয়েছে, আবুঘারবেইহ আগে ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডার শিক্ষার্থী ছিলেন, তবে বর্তমানে তিনি এনরোল্ড ছিলেন না। বিশ্ববিদ্যালয়ের রেকর্ড অনুযায়ী, তিনি ২০২১ সালের বসন্ত থেকে ২০২৩ সালের বসন্ত পর্যন্ত সেখানে পড়াশোনা করেছেন এবং ম্যানেজমেন্টে বিএস ডিগ্রি নিচ্ছিলেন। শেরিফ অফিস জানায়, আবুঘারবেইহের বিরুদ্ধে আগে একাধিকবার গ্রেফতারের রেকর্ড রয়েছে। ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে তার বিরুদ্ধে হামলা এবং ফাঁকা বাড়িতে চুরি (বার্গলারি) করার অভিযোগ আনা হয়। একই বছরের মে মাসে তার বিরুদ্ধে আরও একটি হামলার অভিযোগ ছিল, যেগুলো আদালতের নথিতে মিসডিমিনর বা কম গুরুতর অপরাধ হিসেবে উল্লেখ করা হয়েছে। যুক্তরাষ্ট্রের সংবাদ মাধ্যমগুলোয় বলা হয়েছে, আদালতের নথি অনুযায়ী, প্রথমবার অপরাধে অভিযুক্তদের জন্য একটি ডাইভারশন প্রোগ্রামে অংশ নেন তিনি। ২০২৪ সালে সেটি সম্পন্ন করার পর তার বিরুদ্ধে আনা অভিযোগগুলো প্রত্যাহার করা হয়। এ বিষয়ে তার আইনজীবীর সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও, তাৎক্ষণিক কোনো সাড়া পাওয়া যায়নি। হিলসবরো কাউন্টির আদালতের নথিতে আরও দেখা যায়, ২০২৩ সালে তার পরিবার থেকে করা পারিবারিক সহিংসতার আবেদন দুটোর একটি মামলায় বিচারক নিষেধাজ্ঞা জারি করেন, আর অন্যটি খারিজ করে দেন। এছাড়াও তার বিরুদ্ধে ট্রাফিক আইন লঙ্ঘনের অভিযোগও রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৪.২০২৬ আলী আহমেদ)

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের 'ফুয়েল লোডিং' আজ

পাবনার রূপপুরে বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের চুল্লিতে 'ফুয়েল লোডিং' শুরু হচ্ছে। এর মধ্যদিয়ে এই বিদ্যুৎকেন্দ্রটি উৎপাদনে যাওয়ার চূড়ান্ত পর্যায়ে এসেছে বলেই মত বিশেষজ্ঞদের। মঙ্গলবার দুপুরে প্রধানমন্ত্রী তারেক রহমান ভার্চুয়ালি এই কার্যক্রমের উদ্বোধন করবেন বলে জানানো হয়েছে। ফুয়েল লোডিংয়ের পর আরও কিছু পরীক্ষার মাধ্যমে ধাপে ধাপে বিদ্যুৎ উৎপাদনের চূড়ান্ত পর্যায়ে পৌঁছাবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। দেশের বিদ্যুতের চাহিদা পূরণে এই বিদ্যুৎকেন্দ্রটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করা হচ্ছে। চলতি বছরের ডিসেম্বরেই এখান থেকে উৎপাদিত এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হবে বলে আশা প্রকাশ করেছেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম। যদিও চূড়ান্ত বিদ্যুৎ উৎপাদনে যেতে আরও অন্তত ছয় মাস থেকে এক বছর সময় লাগতে পারে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, বিদ্যুৎ উৎপাদনের আগে আরও বেশ কিছু পরীক্ষা-নিরিক্ষার প্রয়োজন রয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## 'ফুয়েল লোডিং' কী?

পারমাণবিক শক্তি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন গোটা বিশ্বেই অত্যন্ত সংবেদনশীল একটি প্রক্রিয়া। এই ধরনের স্থাপনা নির্মাণে নিরাপত্তামূলক নানা ধাপ পার করতে হয়, যার অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পর্যায় 'ফুয়েল লোডিং'। এর মাধ্যমে রিঅ্যাক্টর বা চুল্লিতে পারমাণবিক জ্বালানি স্থাপন করা হয় এবং ধাপে ধাপে বিদ্যুৎ উৎপাদনের প্রস্তুতি সম্পন্ন করা হয়। বিশেষজ্ঞরা বলছেন, 'ফুয়েল লোডিং' একটি অত্যন্ত সংবেদনশীল প্রক্রিয়া, যা সম্পন্ন হতে প্রায় ৪০ থেকে ৪৫ দিন সময় লাগতে পারে। তাদের মতে, এই বিদ্যুৎকেন্দ্রটি মূলত 'নিউক্লিয়ার ফিশন' প্রক্রিয়ায় কাজ করবে। পারমাণবিক চুল্লিতে ইউরেনিয়ামের নিউক্লিয়াস বিভাজনের মাধ্যমে প্রচুর তাপশক্তি উৎপন্ন হয়। এই তাপশক্তি দিয়ে পানিকে উচ্চচাপে বাষ্পে পরিণত করে টারবাইন ঘোরানো হয়, যা থেকে বিদ্যুৎ উৎপন্ন হয়। এটি একটি স্বয়ংক্রিয় ও নিয়ন্ত্রিত চেইন রিঅ্যাকশন প্রক্রিয়ার মাধ্যমে চলে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক অধ্যাপক মো. শফিকুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, ফুয়েল লোডিংয়ের পর বিভিন্ন ধাপে পরীক্ষা করে ফাইনাল সেফটি অ্যানালিসিস রিপোর্ট করা হবে, যেটি পুনরায় পর্যালোচনা করবে নিয়ন্ত্রক সংস্থা। মি. ইসলাম বলছেন, "এটা একটা পাইলট অপারেশন। এটা সময় নিতে পারে অন্তত ছয়মাস থেকে এক বছর। এই সময়ে পাওয়ার তৈরির মাধ্যমে সিনক্রোনাইজেশন, টারবাইন জেনারেটর কাজ করছে কি না, ইমার্জেন্সি সব সাপোর্ট কাজ করছে কি না এগুলো সব দেখা হয়।" এরপর কমার্শিয়াল অপারেশনাল ডেট বা সিওডি দেওয়ার আগে চূড়ান্ত উৎপাদনে যাওয়ার জন্য আরেক দফা অনুমোদনের প্রয়োজন হয়। মি. ইসলাম বলছেন, "পূর্ণাঙ্গ বাণিজ্যিক অপারেশন শুরুর পর রিঅ্যাক্টর ৯০ শতাংশ ক্যাপাসিটিতে পুরোদমে চলতে শুরু করবে। টানা ১৮ মাস চলার পর ফুয়েল রিপ্লেসমেন্টসহ রক্ষণাবেক্ষণ কাজ শেষে আবারও ১৮ মাসের সাইকেল নতুন করে শুরু হবে।"(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## ইরানের নতুন প্রস্তাবে 'সন্তুষ্ট নন' ট্রাম্প

ইরান যুদ্ধবিরতি সংক্রান্ত যে প্রস্তাব দিয়েছে, তাতে দেশটির পারমাণবিক কর্মসূচির বিষয়টি অন্তর্ভুক্ত না থাকায় অসন্তুষ্ট যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, মার্কিন একজন কর্মকর্তার বরাত দিয়ে এই তথ্য জানায় বার্তা সংস্থা রয়টার্স। ওই

কর্মকর্তা বলেন, "তিনি (ট্রাম্প) এই প্রস্তাবে সন্তুষ্ট নন"। এর প্রায় এক ঘণ্টা আগে হোয়াইট হাউসের মুখপাত্র ক্যারোলিন লেভিট জানান, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট তার জ্যেষ্ঠ জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের সঙ্গে বসে ওই প্রস্তাবটি পর্যালোচনা করেছেন। এদিকে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান সংঘাতে অচলাবস্থা অব্যাহত রয়েছে এবং এই অঞ্চলের জ্বালানি সরবরাহ কমে এসেছে। এর আগে, ইরানি সূত্রগুলো জানিয়েছিল, প্রস্তাবটিতে ইরানের পারমাণবিক কর্মসূচি সংক্রান্ত বিষয়টি যুদ্ধের অবসান এবং পারস্য উপসাগরে নৌ পরিবহণ-সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির পর বিবেচনার জন্য স্থগিত রাখা হয়েছে। গত দুইদিনে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি পাকিস্তান, ওমান ও রাশিয়া সফর করেছেন। তিনি হরমুজ প্রণালি ও যুদ্ধের অবসান বিষয়ে তেহরানের প্রস্তাবগুলো তুলে ধরার পাশাপাশি সেগুলোর পক্ষে সমর্থন আদায়ের চেষ্টা করেছেন।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## অবরোধের মধ্যেই হরমুজ প্রণালি পেরিয়ে গেল রাশিয়ান নৌযান

অবরোধের মধ্যে হরমুজ প্রণালি অতিক্রম করেছে রাশিয়ান একটি নৌযান। এই সুপারইয়টটি রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের গুরুত্বপূর্ণ একজন মিত্রের সঙ্গে সংশ্লিষ্ট। ১৪২ মিটার (৪৬৫ ফুট) দীর্ঘ বিলাসবহুল নৌযান 'নর্ড' নিষেধাজ্ঞার আওতায় থাকা রুশ ধনকুবের আলেক্সেই মর্দাশভের সঙ্গে যুক্ত, এটি দুবাই থেকে ওমানের মাসকাটে যাত্রা করেছে। সাম্প্রতিক কয়েক মাসে ওই প্রণালি দিয়ে চলাচল করা অল্প কয়েকটি বেসরকারি জাহাজের একটি এটি। পুতিনের ঘনিষ্ঠ মিত্র মর্দাশভকে আনুষ্ঠানিকভাবে এই বিলাসবহুল নৌযানের মালিক হিসেবে তালিকাভুক্ত করা হয়নি। তবে 'নর্ড'-এর নথিতে দেখা যায়, ২০২২ সালে এটি তার স্ত্রীর মালিকানাধীন একটি প্রতিষ্ঠানের নামে নিবন্ধিত ছিল। মেরিন ট্র্যাফিক প্ল্যাটফর্মের তথ্য অনুযায়ী, আনুমানিক ৫০ কোটি ডলারের (৩৭ কোটি পাউন্ড) বেশি মূল্যের 'নর্ড' শুক্রবার রাতে দুবাই ত্যাগ করে এবং রোববার সকালে ওমানের রাজধানীর একটি ঘাট, আল মুজ-এ পৌঁছায়। হরমুজ প্রাণালি দিয়ে নৌযান চলাচল বর্তমানে যুদ্ধ-পূর্ব সময়ের তুলনায় অনেক কমে গেছে। সাধারণত বৈশ্বিক অপরিশোধিত তেল এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহের প্রায় এক-পঞ্চমাংশ এই নৌপথ দিয়ে পরিবাহিত হয়। হরমুজ প্রণালি পুনরায় উন্মুক্ত করা নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে ইরানের অচলাবস্থা চলার মধ্যেই চলতি সপ্তাহে ইরান রাশিয়ার সঙ্গে উচ্চপর্যায়ের আলোচনায় যুক্ত হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## দুই মাস পর হরমুজ প্রণালি পাড়ি দিল এলএনজিবাহী ট্যাংকার

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার কারণে গত মার্চ মাসের শুরুর দিকে বন্ধ হয়ে যাওয়ার দীর্ঘ দুই মাস পর তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি বোঝাই একটি ট্যাংকার বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালি পার হয়েছে। জাহাজ ট্র্যাকিং কোম্পানি 'কিপলার'-এর তথ্যে এই বিষয়টি উঠে এসেছে। এএফপি কর্তৃক বিশ্লেষিত কিপলারের তথ্য অনুযায়ী, সংযুক্ত আরব আমিরাতের কোম্পানি অ্যাডনক পরিচালিত 'মুবারক' নামের ট্যাংকারটি ১ লাখ ৩২ হাজার ৮৯০ ঘনমিটার এলএনজি নিয়ে সংযুক্ত আরব আমিরাতের দাস আইল্যান্ড থেকে ২ মার্চ যাত্রা শুরু করেছিল। এরপর দীর্ঘ দুই মাস বিরতি দিয়ে অবশেষে গন্তব্যের উদ্দেশ্যে এই নৌপথ পাড়ি দিয়েছে জাহাজটি। তথ্য বলছে, নিরাপত্তার খাতিরে বা অন্য কোনো কারণে জাহাজটি মার্চের শেষ দিকে টানা এক মাস তাদের 'অটোমেটিক আইডেন্টিফিকেশন সিস্টেম' বা স্বয়ংক্রিয় শনাক্তকরণ ব্যবস্থা বন্ধ রেখেছিল। তবে সোমবার ভারতীয় উপকূলে পৌঁছানোর পর, পুনরায় জাহাজটির সিগন্যাল পাওয়া গেছে। কিপলারের বিশ্লেষক চার্লস কোস্ট্রাউস তার বিশ্লেষণমূলক নোটে উল্লেখ করেন, "সম্ভবত জাহাজটি ১৮ ও ১৯ এপ্রিলের দিকে সফলভাবে হরমুজ প্রণালি অতিক্রম করেছে, যা অন্যান্য কয়েকটি জাহাজের যাতায়াতের চেষ্টার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।" প্রসঙ্গত, গত মার্চ মাসের শুরুর দিকে এই রুটে চলাচল বন্ধ হয়ে যাওয়ার পর থেকে এখন পর্যন্ত কেবল 'সোহার' নামের একটি ট্যাংকার এই প্রণালি অতিক্রম করেছিল। যদিও সেই জাহাজটি খালি ছিল অথবা তাতে খুবই সামান্য পরিমাণ পণ্য ছিল। এদিকে, কিপলারের তথ্য মতে, ১ মার্চ থেকে পারস্য উপসাগরীয় অঞ্চল থেকে অপরিশোধিত তেলবাহী ৭০টিরও বেশি জাহাজ ছেড়ে গেছে, যার বড়ো একটি অংশ ইরানের বন্দর থেকে যাত্রা করেছে।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## মুক্তিযোদ্ধা পরিবারের লোক জামায়াত করেন, এটা 'ডাবল অপরাধ' : সংসদে ফজলুর রহমান

"বিরোধী দলের নেতা বলেছেন, উনি মুক্তিযোদ্ধা পরিবারের লোক এবং উনি শহিদ পরিবারের লোক এবং উনি জামায়াতে ইসলামী করেন, এটা ডাবল অপরাধ। মুক্তিযোদ্ধার পরিবারের কেউ জামায়াত করতে পারে না।" মঙ্গলবার জাতীয় সংসদে কিশোরগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ও বিএনপি নেতা ফজলুর রহমানের এই বক্তব্য নিয়ে হট্টগোল হয়েছে। ফজলুর রহমানের এই বক্তব্যের পর বিরোধী দলের সংসদ সদস্যরা হট্টগোল শুরু করলে স্পিকার তাদেরকে শান্ত করার চেষ্টা করেন। এক পর্যায়ে আসন থেকে উঠে দাঁড়িয়ে তাদেরকে সংসদের মর্যাদা রক্ষার আহ্বান জানান স্পিকার। ফজলুর রহমান বলেন, "বিরোধী দলের নেতাকে সব সময় আমি মাননীয় বলে কথা বলি, কিন্তু ওনার দলের লোকজন এখানে বসে আছে, তারা আমাকে ফজা পাগলা বলে কথা বলে, তারা নাকি সভ্য, তারা নাকি ইসলাম?" পরে ফজলুর রহমান-এর বক্তব্যের জবাব দেন জামায়াতের আমির ও সংসদে বিরোধী দলের নেতা শফিকুর রহমান। তিনি জানতে চান, মুক্তিযোদ্ধার পরিবারের কাউকে জামায়াত করতে হলে ওনাকে (ফজলুর রহমান) জিজ্ঞেস করে করা

লাগবে কিনা। "এটি আমার নাগরিক অধিকার, আমি কোন দল করবো, কোন আদর্শ আমি অনুসরণ করবো। এর ওপর হস্তক্ষেপ করার কোনো অধিকার রাষ্ট্র কিংবা সংবিধান কাউকে দেয়নি," বলেন শফিকুর রহমান।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

## ওপেক থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা সংযুক্ত আরব আমিরাতের

তেল উৎপাদনকারী দেশের জোট ওপেক থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে সংযুক্ত আরব আমিরাত। প্রায় ৬০ বছর ধরে ওপেকের সদস্য থাকার পর এই জোট থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দিল দেশটি। সংযুক্ত আরব আমিরাত বলেছে, "দীর্ঘমেয়াদি কৌশলগত ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি এবং পরিবর্তনশীল জ্বালানি পরিস্থিতির" কারণে তারা এই সিদ্ধান্ত নিয়েছে। সংযুক্ত আরব আমিরাতের এই সিদ্ধান্তকে ওপেক জোটের জন্য একটি বড়ো ধাক্কা হিসেবে দেখা হচ্ছে। একজন বিশ্লেষক এক সদস্যের বেরিয়ে যাওয়ার মতো সিদ্ধান্তকে 'ওপেকের শেষ অধ্যায়ের শুরু' হিসেবে বর্ণনা করেছেন। দেশটির জ্বালানি মন্ত্রী জানিয়েছেন, এই জোটের অধীনে কোনো দায়বদ্ধতা না থাকায়, এখন তারা জ্বালানি নীতি-নির্ধারণে আরও বেশি নমনীয়তা ও স্বাধীনতা পাবেন। ১৯৬৭ সালে ওপেকের সদস্য হয়েছিল সংযুক্ত আরব আমিরাত। দেশটি বেরিয়ে যাওয়ার পর তেল রপ্তানিকারক এই জোটে সদস্য সংখ্যা দাঁড়াবে ১১-তে। এমএসটি ফাইন্যান্সিয়ালের জ্বালানি গবেষণা প্রধান সল কাভোনিক বলেন, এটি মূলত "ওপেকের শেষ হওয়ার শুরু।" তার মতে, "সংযুক্ত আরব আমিরাত বেরিয়ে যাওয়ায় ওপেক তাদের উৎপাদন ক্ষমতার প্রায় ১৫ শতাংশ হারাবে। এছাড়া, দেশটি ছিল এই জোটের অন্যতম অনুগত সদস্য।" ওপেকের সবশেষ তথ্য অনুযায়ী, আরব আমিরাত বছরে ২৯ লাখ ব্যারেল তেল উৎপাদন করে। অন্যদিকে, ওপেকের অঘোষিত নেতা সৌদি আরব উৎপাদন করে ৯০ লাখ ব্যারেল তেল। সল কাভোনিক বলেন, "ওপেক জোটকে টিকিয়ে রাখতে এখন সৌদি আরবকে বেশ বেগ পেতে হবে। জোটের অভ্যন্তরীণ শৃঙ্খলা বজায় রাখা এবং তেলের বাজার নিয়ন্ত্রণের মূল দায়ভার এখন এককভাবে তাদের ওপরই বর্তাবে।" তিনি আরও আশঙ্কা প্রকাশ করেন যে, সংযুক্ত আরব আমিরাতের পথ ধরে অন্য সদস্যরাও এই জোট থেকে বেরিয়ে যেতে পারে। তিনি আরও যোগ করেন, "এই ঘটনা মধ্যপ্রাচ্যের ভূ-রাজনীতি এবং তেলের বাজারে এক আমূল পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে।" ১৯৬০ সালে ইরান, ইরাক, কুয়েত, সৌদি আরব এবং ভেনিজুয়েলা- এই পাঁচটি দেশের হাত ধরে ওপেক গঠিত হয়েছিল। সদস্য দেশগুলোর জন্য স্থিতিশীল আয় নিশ্চিত করতে তেল উৎপাদন সমন্বয় করাই ছিল এই জোটের মূল লক্ষ্য। বিগত বছরগুলোতে এই জোটের সদস্য সংখ্যা বারবার পরিবর্তিত হয়েছে। প্রতিষ্ঠাতা পাঁচ সদস্য ছাড়াও বর্তমানে এই জোটে আলজেরিয়া, ইকুয়েটোরিয়াল গিনি, গ্যাবন, লিবিয়া, নাইজেরিয়া এবং কঙ্গো প্রজাতন্ত্র অন্তর্ভুক্ত রয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ এলিনা)

# এনএইচকে

## জাতিসংঘ সদর দপ্তরে এনপিটি বৈঠক শুরু হয়েছে

নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে বৈশ্বিক পারমাণবিক নিরস্ত্রীকরণ বিষয়ক একটি গুরুত্বপূর্ণ সম্মেলন শুরু হয়েছে। চলমান ভূ-রাজনৈতিক অস্থিতিশীলতার মধ্যে আয়োজিত হওয়ায় এই সম্মেলনটি ব্যাপক আগ্রহ সৃষ্টি করেছে। পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তি বা এনপিটি শীর্ষক পর্যালোচনা সম্মেলন সোমবার শুরু হয়েছে। জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস ক্রমবর্ধমান পারমাণবিক অস্ত্রের বিপদ সম্পর্কে সতর্ক করেছেন। তিনি বলেন, "কিছু সরকার প্রকাশ্যে এই ভয়াবহ অস্ত্র অর্জনের কথা ভাবছে। আমরা কি ভুলে গেছি যে, পারমাণবিক যুদ্ধে জেতা সম্ভব নয় এবং এই যুদ্ধ করা উচিত নয়?" শুরুতেই মার্কিন ও ইরানি প্রতিনিধিদলের মধ্যে মতবিরোধ দেখা দেয়। মার্কিন প্রতিনিধি সম্মেলনের অন্যতম একজন সহ-সভাপতি হিসেবে ইরানের মনোনয়নের বিরোধিতা করেন। তিনি বলেন, এটা অনস্বীকার্য যে, ইরান দীর্ঘদিন ধরে এনপিটির পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ সম্পর্কিত অঙ্গীকারের প্রতি তাদের অবজ্ঞা প্রদর্শন করে আসছে। তিনি আরও বলেন, "ইরান তার কর্মসূচি সম্পর্কিত সুস্পষ্ট প্রশ্নগুলোর সমাধানে আইএইএ-র সাথে সহযোগিতা করতে অস্বীকার করেছে।" ইরানি প্রতিনিধি যুক্তরাষ্ট্রের সমালোচনা করেছেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্রই একমাত্র রাষ্ট্র, যেটি পারমাণবিক অস্ত্র ব্যবহার করেছে এবং যেটি "তার পারমাণবিক অস্ত্রাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ অব্যাহত রেখেছে।" তবে তিনি বলেন, তা সত্ত্বেও দেশটি নিজেকে "সম্মতির সালিশকারী" হিসেবে প্রতিষ্ঠা করতে চায়। মোট ১৯১টি সদস্য রাষ্ট্র এই চুক্তিটি মেনে চলে। এই চুক্তি পাঁচটি পারমাণবিক শক্তিধর দেশ যুক্তরাষ্ট্র, রাশিয়া, ব্রিটেন, ফ্রান্স ও চীনকে পারমাণবিক অস্ত্র হ্রাসের বিষয়ে আলোচনা করতে বাধ্য করে এবং অন্যদের পারমাণবিক অস্ত্র তৈরি বা উন্নয়ন করাকে নিষিদ্ধ করে। এই সম্মেলনটি ২২ মে পর্যন্ত চলবে।
(এনএইচকে ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## রূপপুরে পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের পথে বাংলাদেশ

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের চুল্লিতে পারমাণবিক জ্বালানি বা ইউরেনিয়ামের ব্যবহার শুরু হয়েছে। আজ মঙ্গলবার বিকেলে এ কার্যক্রমের উদ্বোধন হয়। এর মাধ্যমে বিশ্বে পারমাণবিক শক্তি ব্যবহারকারী ৩৩তম দেশ হলো বাংলাদেশ। জ্বালানি প্রবেশ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম বলেন, "আজ

ঐতিহাসিক মুহূর্ত। নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকল্পটির কাজ করা হয়েছে। আজ জ্বালানি লোডিংয়ের মাধ্যমে বাংলাদেশ ইতিহাসের অংশ হলো। পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের বিদ্যুৎ শুধু পাবনা নয়, দেশের অর্থসামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।" আলোচনা শেষে অতিথিরা স্বয়ংক্রিয় সুইচ টিপে জ্বালানি লোডিং উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য দেন প্রধানমন্ত্রীর বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ, রুশ পরমাণু শক্তি করপোরেশন (রোসাটম)-এর মহাপরিচালক আলেক্সি লিখাচেভ। অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার মহাপরিচালক রাফায়েল গ্রসি। চুল্লিপাত্রে ইউরেনিয়াম জ্বালানি বসানো হলে তা থেকে তাপ তৈরি হবে। সেই তাপে পানি থেকে বাষ্প তৈরি হয়ে টারবাইন ঘুরবে আর সেখান থেকে বিদ্যুৎ উৎপন্ন হবে। পাবনার রূপপুরে নির্মিত এ বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের চুল্লিপাত্রে জ্বালানি প্রবেশ করানো শুরু হলো আজ। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বলছে, বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরুর আগে এটি চূড়ান্ত ধাপ। ধাপে ধাপে পরীক্ষামূলকভাবে বিদ্যুতের উৎপাদন শুরু হবে। আগামী আগস্টে জাতীয় গ্রিডে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ শুরু হতে পারে। দেশের ইতিহাসে সবচেয়ে বড়ো একক প্রকল্প রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প বাস্তবায়ন করছে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন পরমাণু শক্তি কমিশন। এ প্রকল্পের আওতায় ১ হাজার ২০০ মেগাওয়াটের ২টি ইউনিট নির্মাণ করছে রাশিয়ার ঠিকাদারি প্রতিষ্ঠান অ্যাটমস্ট্রয় এক্সপোর্ট। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন বলছে, ২০২৩ সালের অক্টোবরে প্রকল্প এলাকায় পারমাণবিক জ্বালানি আসার পরই পারমাণবিক স্থাপনা হিসেবে স্বীকৃতি পায় রূপপুর বিদ্যুৎকেন্দ্র। জ্বালানি বুঝে নেওয়ার সঙ্গে সঙ্গেই পারমাণবিক শক্তির অধিকারী দেশের তালিকায় নাম ওঠায় বাংলাদেশ।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ রনি)

## নির্বাচনে স্বচ্ছতা, বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করতে বাংলাদেশকে ইইউ মিশনের ১৯ সুপারিশ

বাংলাদেশের ভবিষ্যৎ নির্বাচনপ্রক্রিয়ায় স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করতে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)-র নির্বাচন পর্যবেক্ষণ মিশন ১৯টি সুপারিশ করেছে। গণতান্ত্রিক নির্বাচনের বিষয়ে বাংলাদেশের আন্তর্জাতিক অঙ্গীকারের সঙ্গে সংগতি রেখে এসব সুপারিশের মধ্যে ছয়টিতে অগ্রাধিকার দেওয়া হয়েছে। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলোর খবর অনুযায়ী, আজ মঙ্গলবার দুপুরে রাজধানীর একটি হোটেলে এক সংবাদ সম্মেলনে ইউরোপীয় ইউনিয়নের নির্বাচন পর্যবেক্ষণ মিশন (ইইউইওএম)-এর প্রধান ও ইউরোপীয় পার্লামেন্টের সদস্য ইভার্স ইজাবস এ তথ্য জানান। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ওপর মিশনের পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রকাশ উপলক্ষ্যে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পর্কে ইভার্স ইজাবস বলেন, ২০০৮ সালের পর বাংলাদেশে এমন বিশ্বাসযোগ্য নির্বাচন অনুষ্ঠিত হলো। এর মাধ্যমে নির্বাচন কমিশনের ওপর জনগণের আস্থা ফিরে আসছে, সুশাসন প্রতিষ্ঠার পথ তৈরি হয়েছে। তবে নির্বাচনসংশ্লিষ্ট আর্থিক স্বচ্ছতা নিশ্চিতে কাজ করতে হবে, সবাইকে এমন পরামর্শ দেওয়ার কথাও উল্লেখ করেছেন তিনি। ইভার্স ইজাবস বলেন, বাংলাদেশের আগামী জাতীয় নির্বাচনগুলো আন্তর্জাতিক মানে করতে, আরো বিশ্বাসযোগ্য করতে তারা ১৯টি সুপারিশ করেছেন। এসব সুপারিশের মধ্যে ছয়টিতে অগ্রাধিকার দেওয়া হয়েছে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ রনি)

## ৫ আগস্টের পরে সবকিছু কালো শক্তি ধ্বংস করে দিয়েছিল : ফজলুর রহমান

আজ মঙ্গলবার বিকেলে জাতীয় সংসদ অধিবেশনে বক্তব্য দেওয়ার সময় কিশোরগঞ্জ-4 আসনের সংসদ সদস্য ফজলুর রহমান বলেছেন, ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের মাধ্যমে শেখ হাসিনার সরকারের পতন হলেও এবং অন্তর্বর্তী সরকার এলেও তখন 'কালো শক্তি' সক্রিয় হয়ে উঠেছিল। তিনি বলেন, "৫ আগস্টের পরে কী হলো আপনারা জানেন। ইউনূস সরকার ছিল। আমি শিল্পকলার সামনে থাকি। সেখানে একটা গান হতে পারেনি, নাটক হতে পারেনি, লালন গীতি হতে পারেনি। সবকিছু কালো শক্তি ধ্বংস করে দিয়েছিল।" মুক্তিযোদ্ধা এবং বিএনপি নেতা ফজলুর রহমান বলেন, "এ বাংলায় শুধু বেলি-চামেলি আর জুঁই ফুল ফোটে না, রক্ত জবাও ফোটে। এ দেশে শুধু কোকিল ডাকে না, এদেশের জঙ্গলে রয়েল বেঙ্গল টাইগারও থাকে।" তিনি বলেন, "যতদিন রয়েল বেঙ্গল টাইগার থাকবে, মুক্তিযোদ্ধা জিতবে, রাজাকার কোনোদিন এই দেশে জয়লাভ করতে পারবে না। আমি চ্যালেঞ্জ করে বললাম।" তিনি আরো বলেন, "আমার বক্তব্যের পরে তারা বলবে আমরা কি মুক্তিযুদ্ধ করি নাই? বিরোধী দলে যারা বসে আছেন, অনেকেই আমাকে "ফজা পাগলা" বলে ডাকে, তারা নাকি সভ্য। বিরোধী দলের নেতা বলেছেন, উনি নাকি মুক্তিযোদ্ধা পরিবারের লোক, শহিদ পরিবারের লোক এবং উনি জামায়াতে ইসলামী করেন। এটা ডাবল অপরাধ।" তার মতে, "মুক্তিযোদ্ধা পরিবারের লোকজন জামায়াত করতে পারে না। আর শহিদ পরিবারের লোক জামায়াত করলে ডাবল অপরাধ।" এরপর ২০২৪ সালের ৫ আগস্টের পরে "সবকিছু কালো শক্তি ধ্বংস করে দিয়েছিল" উল্লেখ করে তিনি বলেন, "তারা বলেছিল কোনো মুক্তিযুদ্ধ হয় নাই। সাতচল্লিশ হয়েছে, আর চব্বিশে যুদ্ধ হয়েছে, আর গণ্ডগোল হয়েছে। সেদিন মুক্তিযোদ্ধা হিসেবে আমি বলেছিলাম, এখনো কিন্তু ফজলুর রহমানদের মতো মুক্তিযোদ্ধারা জীবিত আছে। এদেশে মুক্তিযুদ্ধ হয়েছে, মুক্তিযুদ্ধ সত্য, ৩০ লাখ লোক জীবন দিয়েছে।" বর্ষীয়ান এ রাজনীতিবিদ আরো বলেন, "আমার বাড়ির সামনে মব হয়েছে, আমাকে হত্যা করার জন্য। সেদিনের জন্য আমি পুলিশকে ধন্যবাদ দেবো, মিলিটারিকে ধন্যবাদ দেবো। ১০ মিনিটের মধ্যে আমার বাড়ির সামনে তারা গিয়ে উপস্থিত হয়েছে আমাকে বাঁচানোর জন্য।" "অনেক চক্রান্তের মধ্যদিয়ে ইলেকশন হয়েছে" মন্তব্য করে ফজলুর রহমান বলেন, "ইলেকশনে তারা কী করেছে, আজকে যারা আমার ডানদিকে

বসে আছে, তারা কী করেছে? আমরা তো ভাই ছিলাম। তারা যা করেছে, সেটা কল্পনা করার মতো না। যত চক্রান্ত করেছে, সেই চক্রান্তের ভেতর দিয়ে যখন তারা প্রচার করতে শুরু করলো যে, তারা দুই-তৃতীয়াংশ মেজরিটি পেয়ে পাশ করবে, আমি হতভাগা ফজলুর রহমান বলেছিলাম, জামায়াত জোট যদি মেজরিটি পায়, তাহলে আমি বিষ খাবো। এই কথাটা আমি বলেছি। কথা সত্য, তারা কোনোদিন যুদ্ধে জয়লাভ করতে পারে নাই, কারণ তাদের পূর্বপুরুষ বাংলাদেশ চায় নাই।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৪.২০২৬ রনি)

# জাগো নিউজ

## গণতান্ত্রিক যাত্রা সুসংহত করতে ন্যায়ের শাসন প্রতিষ্ঠার বিকল্প নেই : তারেক রহমান

গণতান্ত্রিক যাত্রা সুসংহত করতে রাষ্ট্রে ন্যায়ের শাসন প্রতিষ্ঠার বিকল্প নেই বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুরে এক আলোচনা সভায় এ মন্তব্য করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, যে রাষ্ট্রে আইনের শাসন, ন্যায়বিচার ও মানবাধিকার প্রতিষ্ঠিত নয়, সেই দেশ কখনোই প্রকৃত অর্থে গণতান্ত্রিক ও মানবিক রাষ্ট্রে পরিণত হতে পারে না। তিনি আরও উল্লেখ করেন, দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসনের অবসানের পর, বাংলাদেশের জনগণ আবারও গণতন্ত্রের পথে অগ্রসর হচ্ছে। এ অগ্রযাত্রাকে সুসংহত ও টেকসই করতে হলে রাষ্ট্রে ন্যায়ের শাসন নিশ্চিত করা অপরিহার্য। ন্যায়বিচার সবার জন্য সমানভাবে প্রযোজ্য- এ কথা উল্লেখ করে তারেক রহমান বলেন, অর্থের অভাবে যেন কোনো মানুষ বিচারপ্রাপ্তির সুযোগ (অ্যাক্সেস টু জাস্টিস) থেকে বঞ্চিত না হয়, সে লক্ষ্যেই সরকার আইনি সহায়তা কর্মসূচি অব্যাহত রেখেছে। কোনো ভুক্তভোগী যেন কেবল অর্থসংকটের কারণে আইনজীবীর সহায়তা নিতে না পারেন, এ বিষয়টি সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিশ্চিত করতে কাজ করছে। আর্থিকভাবে অসচ্ছল মানুষের জন্য বিচারপ্রাপ্তি সহজ করতে এরই মধ্যে সুনির্দিষ্ট পরিকল্পনাও নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ন্যায়বিচার শুধু আইনের বইয়ের বিষয় নয়, এটি মানুষের জীবনে বাস্তব ও কার্যকরভাবে প্রতিফলিত হওয়া উচিত- এটাই বর্তমান সরকারের প্রত্যাশা। ন্যায়বিচার কেবল আদালতকেন্দ্রিক কোনো প্রক্রিয়া নয়, বরং এটি একটি জীবন্ত মূল্যবোধ, যা রাষ্ট্রের প্রতিটি নীতি, সিদ্ধান্ত এবং প্রতিষ্ঠানের কার্যক্রমে প্রতিফলিত হওয়া প্রয়োজন। 'ন্যায়পরায়ণতা তখনই অর্থপূর্ণ হয়ে ওঠে, যখন আইন মানুষের ওপর প্রয়োগের একটি যান্ত্রিক উপায় না হয়ে বরং তাদের মর্যাদা সংরক্ষণ এবং প্রাপ্ত অধিকার নিশ্চিত করার একটি গভীর নৈতিক অঙ্গীকারের রূপ নেয়। বাংলাদেশের রাষ্ট্র গঠনের ইতিহাসেও এ ন্যায়বোধ একটি শক্তিশালী প্রেরণা হিসেবে কাজ করেছে। যেহেতু ন্যায়বিচার প্রাপ্তি প্রতিটি মানুষের সাংবিধানিক অধিকার। যেহেতু সেই অধিকার যাতে প্রত্যেকটি মানুষ চর্চা করতে পারে, তাদের সরকার যথাসাধ্য লিগাল এইড দেবে। এ লক্ষ্যে এরই মধ্যে সরকার সংশ্লিষ্ট বিধি-বিধানের প্রয়োজনীয় সংশোধন এনেছে।' জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৬ উপলক্ষ্যে রাজধানীর শাহবাগে শহিদ আবু সাঈদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে এই আলোচনা সভা হয়। আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে এ অনুষ্ঠান হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## গাছ না কেটে মেরিন ড্রাইভ সড়ক প্রশস্তের নির্দেশ প্রধানমন্ত্রীর

গাছ না কেটে কক্সবাজারের মেরিন ড্রাইভ সড়ক প্রশস্তকরণ প্রকল্প এগিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পরিবেশের ভারসাম্য রক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন করছে সড়ক পরিবহণ মন্ত্রণালয়। প্রধানমন্ত্রীর এই নির্দেশনার ফলে রক্ষা পেলো প্রায় তিন হাজার গাছ। এটি দেশের পরিবেশ সুরক্ষা ও সবুজায়ন রক্ষায় একটি দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে। সম্প্রতি প্রধানমন্ত্রীর নির্দেশনা পাওয়ার পর ত্বরিত ব্যবস্থা নেয় সড়ক পরিবহণ মন্ত্রণালয়। গত ২১ এপ্রিল সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম, প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা বিষয়ক উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এ কে এম শামসুল ইসলাম ও রেল প্রতিমন্ত্রী হাবিবুর রশীদ হাবিব সরেজমিনে মেরিন ড্রাইভ এলাকা পরিদর্শন করেন। এ সময় সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তা ও প্রকল্প সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। কলাতলী থেকে টেকনাফের সাবরাং জিরো পয়েন্ট পর্যন্ত প্রায় ৮০ কিলোমিটার দীর্ঘ এই সড়ককে চার লেনে উন্নীত করার কাজ চলছে। শুরুতে ধারণা করা হয়েছিল, সড়ক প্রশস্ত করতে বিপুলসংখ্যক গাছ কাটতে হবে। তবে প্রধানমন্ত্রীর নির্দেশে সেই পরিকল্পনায় পরিবর্তন আনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## কোস্টগার্ডের জনবল ১০ হাজারে উন্নীত করার পরিকল্পনা : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশ কোস্টগার্ডের জনবল বাড়িয়ে প্রায় ১০ হাজারে উন্নীত করার পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। পাশাপাশি, জাহাজ মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য আধুনিক ডকইয়ার্ড নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান তিনি। মঙ্গলবার (২৮ এপ্রিল) রাজধানীর আগারগাঁওয়ে কোস্টগার্ড সদর দপ্তরে বাহিনীটির ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী ও কোস্টগার্ড দিবস-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কোস্টগার্ডের সক্ষমতা বাড়াতে ভবিষ্যতে হেলিকপ্টারসহ আধুনিক রেসকিউ ড্রোন সংযোজন করা হবে। উপকূলীয় অঞ্চল ও সমুদ্রসীমার নিরাপত্তা আরও জোরদার করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, কোস্টগার্ডকে একটি আধুনিক ও যুগোপযোগী বাহিনী হিসেবে গড়ে তুলতে সরকার বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন করছে। এর অংশ হিসেবে এরই মধ্যে বাহিনীর বহরে তিনটি সার্ভেইল্যান্স ড্রোন যুক্ত হয়েছে এবং নতুন জাহাজ সংযোজনের কার্যক্রম চলমান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## অতিবৃষ্টিতে হাওরে তলিয়ে যাচ্ছে পাকা ধান

কিশোরগঞ্জের হাওরাঞ্চলে বোরো ধান কাটার উৎসব চলছিল পুরোদমে। কিন্তু সেই আনন্দে হঠাৎই ছন্দপতন ঘটিয়েছে টানা অতিবৃষ্টি। গত তিনদিনের ভারী বর্ষণে হাওরের নিম্নাঞ্চলে পানি জমে গেছে। বিশেষ করে, জেলার অষ্টগ্রাম উপজেলার খয়েরপুর-আব্দুল্লাহপুর ইউনিয়নে খোয়াই নদীর পানি ঢুকে তলিয়ে যাচ্ছে পাকা ধানক্ষেত। ফলে কৃষকের স্বপ্নের সোনালী ফসল এখন ডুবে যাচ্ছে পানির নিচে। অতিবৃষ্টির কারণে শুধু জমিই নয়, ধান শুকানোর খলাতেও পানি জমেছে। এতে ধান মাড়াই ও সংরক্ষণেও দেখা দিয়েছে চরম ভোগান্তি। নিকলী আবহাওয়া অফিসের সিনিয়র অবজারভার আক্তার ফারুক জানান, মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ৯০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এর আগের দিন সোমবার ২৪ ঘণ্টায় ২০ মিলিমিটার বৃষ্টি হয়েছিল। বুধবারও (২৯ এপ্রিল) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## গুলশানে বিদেশি নারীকে 'পিটিয়ে হত্যার' অভিযোগ

রাজধানীর গুলশান এলাকায় একজন বিদেশি নারীকে পিটিয়ে হত্যার অভিযোগ পাওয়া গেছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) সকালে গুলশান ২ নম্বরের কন্টিনেন্টাল হাসপাতালে মৃত অবস্থায় নেওয়া হয় বলে পুলিশ জানিয়েছে। নিহত নারীর নাম শামীম সালিম কাসিম (৬৭)। বারিধারার পার্ক রোডের একটি বাসায় তিনি থাকতেন। মঙ্গলবার গুলশান থানার ইন্সপেক্টর (তদন্ত) মোখলেসুর রহমান জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, আমরা শুনেছি, একজন বিদেশিকে পিটিয়ে হত্যা করা হয়েছে। পুরোটা এখনো জানি না। তবে কীভাবে মারা গেছে, সে বিষয়ে এখনই নিশ্চিতভাবে বলতে পারছি না। আমাদের অফিসাররা ঘটনাস্থলে গেছেন। তারা বিস্তারিত জানালে বলতে পারবো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## দেশে জঙ্গি আছে, সরকার এটাকে শূন্যে নামিয়ে আনার চেষ্টা করছে

দেশে জঙ্গি রয়েছে স্বীকার করে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেছেন, সরকার এটাকে শূন্যে নামিয়ে আনার চেষ্টা করছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা জানান। অন্তর্বর্তী সরকারের সময়ে আমরা দেখেছি যে, গুরুত্বপূর্ণ ব্যক্তিরা বলেছেন, দেশে আসলে জঙ্গি নেই; জঙ্গি আছে কি না- এই সরকার কী মনে করে এবং নাশকতা যদি হয়, এটা নিয়ে আসলে সরকারের ইন্টেলিজেন্সের কাছে কী ধরনের তথ্য আছে? এমন প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, "প্রথম কথা হচ্ছে, সরকারের কাছে কতখানি তথ্য আছে, এটা বলা যাবে না। এটা একটা সেনসিটিভ তথ্য। এই তথ্যটা গোপন থাকবে। কিন্তু যেটুকু তথ্য সরকার জানিয়েছে, এটা ফ্যাক্ট- বাংলাদেশে জঙ্গি আছে। কিন্তু এখানে দুটো এক্সট্রিম (চরমপন্থা) আছে, আমি দুটো এক্সট্রিমের কথা বলি। আওয়ামী লীগ সরকারের সময়ে জঙ্গি সমস্যাকে যেই স্কেলে দেখানো হয়েছে, এটা তাদের ক্ষমতায় থাকার একটা ন্যারেটিভ হিসেবে তারা ব্যবহার করেছিলেন যে, বাংলাদেশে জঙ্গি আছে, জঙ্গিরা সব দখল করবে। সুতরাং আমি নির্বাচন করলাম কি না দেখার দরকার নেই, আমাকে ক্ষমতায় রাখো। দ্যাট ওয়াজ এ ন্যারেটিভ। এটা অতিরঞ্জিত হয়েছিল ওই সরকারের সময়ে।" বলেন, ডা. জাহেদ উর রহমান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## ঢাবি অধ্যাপক সুদীপ চক্রবর্তীকে অ্যাকাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. সুদীপ চক্রবর্তীকে বিভাগের সব ধরনের অ্যাকাডেমিক দায়িত্ব ও কার্যক্রম থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিভাগীয় শিক্ষার্থী মুনিরা মেহজাবিনের মৃত্যু এবং এ ঘটনায় ড. সুদীপের গ্রেফতারকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবার (২৭ এপ্রিল) বিভাগটির চেয়ারম্যান কাজী তামান্না হক সিগমার সই করা এক বিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিভাগের ২০২৪ সনের এমএ ২য় সেমিস্টারের মেধাবী শিক্ষার্থী মুনিরা মেহজাবিন অনাকাঙ্ক্ষিতভাবে আমাদের সবাইকে শোকে স্তব্ধ করে দিয়ে চলে গেছেন। ওই ঘটনার পর বিভাগের শিক্ষক সহযোগী অধ্যাপক ড. সুদীপ চক্রবর্তী আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেফতার হন। মামলা হওয়ায় তাকে জেলহাজতে পাঠানো হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে ২৬ এপ্রিল তারিখ বিশেষ অ্যাকাডেমিক কমিটির সভায় এই সিদ্ধান্ত হয় যে, আইন প্রক্রিয়া নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বিভাগের সব ধরনের অ্যাকাডেমিক কার্যক্রম, ক্লাস এবং সব পরীক্ষা কমিটি থেকে ড. সুদীপ চক্রবর্তীকে অব্যাহতি দেওয়া হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## লোহাগাড়ায় সড়ক দুর্ঘটনায় তিন বৌদ্ধ সন্ন্যাসী নিহত

চট্টগ্রামের লোহাগাড়ায় সড়ক দুর্ঘটনায় তিন বৌদ্ধ সন্ন্যাসী নিহত হয়েছেন। মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল সাড়ে ৮টার দিকে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লোহাগাড়া উপজেলার চুনতি জাঙ্গালিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় আরও পাঁচজন আহত হয়েছেন। খবর পেয়ে লোহাগাড়া ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থল থেকে তিনজনের মরদেহ উদ্ধার করেছে। তাদের নাম, পরিচয় নিশ্চিত করা সম্ভব হয়নি। লোহাগাড়া ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সাব-অফিসার ফিরোজ খান জাগো নিউজকে বলেন, "আমরা সকাল ৯টার দিকে ঘটনাস্থলে এসে তিনজনের মরদেহ উদ্ধার করি। এখানে শুধু দুর্ঘটনাকবলিত একটি মাইক্রোবাস আছে। দুর্ঘটনার পর স্থানীয় লোকজন আহতদের উদ্ধার

করে পদুয়াসহ দূরের হাসপাতালে নিয়ে গেছে। গাড়িটি সম্ভবত কক্সবাজার থেকে খাগড়াছড়ি যাচ্ছিল। দুর্ঘটনায় গাড়িটি দুমড়ে-মুচড়ে গেছে। ঘটনাস্থল থেকে আমরা তিনজনের মরদেহ উদ্ধার করে দোহাজারি হাইওয়ে থানার টিমকে বুঝিয়ে দিয়েছি। নিহতরা সবাই বুড্ডিস্ট। তিনজনই গেরুয়া কাপড় পরিহিত। তাদের নাম পরিচয় জানা যায়নি।" প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনাস্থলে চট্টগ্রামগামী একটি মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে গাছের সাথে ধাক্কা দেয়। পরে মাইক্রোটি সড়কের পাশে খাদে পড়ে যায়। এতে মাইক্রোতে থাকা তিনজন ঘটনাস্থলে নিহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি লোডিং ঘিরে সাজ সাজ রব

দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে আজ থেকে শুরু হচ্ছে পাবনার ঈশ্বরদীতে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি লোডিং কার্যক্রম। এই ঐতিহাসিক মুহূর্তকে ঘিরে পুরো প্রকল্প এলাকা ও আশপাশে বইছে উৎসবের আমেজ। মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুর ২টা ৩০ মিনিটে জ্বালানি লোডিং কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষ্যে প্রকল্প এলাকায় বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এ উপলক্ষ্যে রূপপুর প্রকল্পের অভ্যন্তরে বিশাল প্যান্ডেল ও মঞ্চ নির্মাণ করা হয়েছে। নানা রঙের পতাকা ও ফেস্টুন দিয়ে প্রকল্পের ফটক ও অভ্যন্তরে সাজানো হয়েছে। অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী ফকির মাহবুব আনামের সভাপতিত্বে বক্তব্য রাখবেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব আনোয়ার হোসেনের, রোসাটমের মহাপরিচালক এলেক্সি লিখাচভ ও আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার মহাপরিচালক রাফায়েল গ্রসি। ঈশ্বরদীর জাতীয় কৃষি পদকপ্রাপ্ত কৃষক সিদ্দিকুর রহমান কুল ময়েজ বলেন, দীর্ঘদিনের অপেক্ষার পর আজ রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি লোডিং শুরু হচ্ছে। এটি শুধু বিদ্যুৎ উৎপাদনই নয়, আমাদের কৃষিখাতেও ইতিবাচক প্রভাব ফেলবে। আমরা ঈশ্বরদীবাসী অত্যন্ত আনন্দিত ও গর্বিত। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## দেশের চার সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

বায়ুচাপের তারতম্যের কারণে দেশের চার সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। মঙ্গলবার (২৮ এপ্রিল) আবহাওয়ার সতর্কবার্তায় এ তথ্য জানানো হয়েছে। এ সতর্কবার্তায় বলা হয়, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। এ অবস্থায় চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## সামরিক সম্পর্ক আরও দৃঢ় করতে চায় বাংলাদেশ-চীন

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম ও বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন দুই দেশের সামরিক সম্পর্ক ও কৌশলগত বন্ধনকে আরও দৃঢ় করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেছেন। মঙ্গলবার (২৮ এপ্রিল) ঢাকা সেনানিবাসের সশস্ত্র বাহিনী বিভাগে প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত। সাক্ষাৎকালে তারা এ বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, সাক্ষাৎকালে তারা পারস্পরিক কুশল বিনিময় করেন। পাশাপাশি, বাংলাদেশ ও চীনের মধ্যকার প্রযুক্তিগত ও সামরিক সহযোগিতা প্রসঙ্গে আলোচনা করেন। এছাড়া, উভয়ে দুই দেশের মধ্যে বিদ্যমান সামরিক সম্পর্ক ও কৌশলগত বন্ধনকে আরও দৃঢ় করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## রূপপুরে দেওয়া হলো ইউরেনিয়াম, অপেক্ষা পারমাণবিক বিদ্যুতের

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটে পারমাণবিক জ্বালানি (ইউরেনিয়াম) লোডিং কার্যক্রম শুরু হয়েছে। এর মাধ্যমে দেশের জ্বালানি খাতে নতুন অধ্যায়ের সূচনা হলো। মঙ্গলবার (২৮ এপ্রিল) বিকেলে লোডিং কার্যক্রম উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম। এসময় সরকারের উচ্চপর্যায়ের প্রতিনিধি, আন্তর্জাতিক অংশীদার এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর ডাক ও টেলিযোগাযোগ উপদেষ্টা রেহান আসিফ আসাদ বলেন, রূপপুর প্রকল্প শুধু একটি বিদ্যুৎকেন্দ্র নয়, বরং এটি আন্তর্জাতিক সহযোগিতার একটি বাস্তব উদাহরণ, যা বাংলাদেশের প্রযুক্তিগত সক্ষমতা নতুন উচ্চতায় নিয়ে গেছে। তার ভাষায়, এ প্রকল্প দেশের জন্য জ্ঞানভিত্তিক ও প্রযুক্তিনির্ভর অর্থনীতি গঠনের পথে দৃঢ় ভিত্তি তৈরি করছে। তিনি উল্লেখ করেন, রাশিয়ার সঙ্গে দ্বিপাক্ষিক সহযোগিতা, অর্থায়ন এবং প্রযুক্তিগত সহায়তার সমন্বয়ে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## বাংলাদেশিদের ভারতের ভিসা দেওয়ার ক্ষেত্রে শিগ্গির ইতিবাচক পরিবর্তন আসবে

বাংলাদেশি নাগরিকদের ভারতের ভিসা দেওয়ার কার্যক্রমে শিগ্গির ইতিবাচক পরিবর্তন দেখা যাবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। মঙ্গলবার (২৮ এপ্রিল) সংসদ অধিবেশনে স্বতন্ত্র সংসদ সদস্য শেখ মজিবুর রহমানের প্রশ্নের জবাবে মন্ত্রী এ আশাবাদ ব্যক্ত করেন। এ প্রসঙ্গে তিনি সম্প্রতি তার ভারত সফরের কথা উল্লেখ

করেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে চলা অধিবেশনে খলিলুর রহমান বলেন, "এই সফরের সময় ভারতের পররাষ্ট্রমন্ত্রী, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাসমন্ত্রী এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে আমার ফলপ্রসূ আলোচনা হয়েছে। বাংলাদেশি নাগরিকদের জন্য ভিসা দেওয়া স্বাভাবিক করার জন্য ভারতকে আহ্বান জানানো হয়েছে। আশা করা যাচ্ছে, শিগ্গির এ বিষয়ে ইতিবাচক পরিবর্তন দেখা যাবে।" পররাষ্ট্রমন্ত্রী জানান, ভারতসহ দক্ষিণ এশিয়ার প্রতিবেশী দেশগুলোর সঙ্গে বাংলাদেশের দ্বিপক্ষীয় সম্পর্ক সৌহার্দ্য, বন্ধুত্ব ও সংহতিতে প্রতিফলিত। তা অভিন্ন মূল্যবোধ, ঐতিহাসিক সংযোগ ও জনগণের সঙ্গে জনগণের দৃঢ় সম্পর্কের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। মন্ত্রী উল্লেখ করেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে সর্বভৌম সমতা, ন্যায্যতা, পারস্পরিক সম্মান ও আস্থা এবং জাতীয় স্বার্থের ভিত্তিতে ভারতের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার উদ্যোগ নিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## সরকার দায়িত্ব নেওয়ার পর ৪৬৪ হত্যা ও ৬৬৬ ধর্ষণ মামলা হয়েছে

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর (১৭ ফেব্রুয়ারি) সারা দেশে ৪৬৪টি হত্যা মামলা এবং ৬৬৬টি ধর্ষণের মামলা করা হয়েছে। হত্যা মামলায় ৬০৪ জন ও ধর্ষণ মামলায় ৫৩০ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে হত্যা মামলায় ১১ জন এবং ধর্ষণ মামলায় ৭১ আসামি জামিনে মুক্তি পেয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) জাতীয় সংসদের প্রশ্নোত্তরে এনসিপির সংসদ সদস্য (কুমিল্লা-৪) আবুল হাসনাতের (হাসনাত আব্দুল্লাহ) প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। হাসনাত আবদুল্লাহর প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, হত্যা ও ধর্ষণের মতো গুরুতর অপরাধে দায়ী সব আসামির কঠোর সাজা নিশ্চিত করার জন্য মামলাগুলো অত্যন্ত নিবিড়ভাবে তদন্ত করা হচ্ছে। যথাযথ সাক্ষ্য-প্রমাণ সংগ্রহ করে মামলাসমূহে দ্রুত অভিযোগপত্র দাখিলের কার্যক্রম অব্যাহত আছে। জামায়াতের এমপি মো. মুজিবুর রহমানের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জমি দখল, চাঁদাবাজি ও অবৈধ কর্মকাণ্ড ঘৃণ্য অপরাধ, যা সমাজ ও রাষ্ট্রের জন্য মারাত্মক ক্ষতিকর। দেশের উন্নয়নে সুষ্ঠু আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অপরাধমুক্ত সমাজব্যবস্থার বিকল্প নেই। ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার একটানা ১৫ বছরের বেশি সময় ক্ষমতায় থাকাকালে তাদের অনুগত সন্ত্রাসী বাহিনী ভূমি দখল, জল, বালুমহল দখল, বিভিন্ন সেক্টরে চাঁদাবাজি, টেন্ডারবাজি ও বিভিন্ন অবৈধ কর্মকাণ্ডের কারণে মানুষ অতিষ্ঠ হয়ে ওঠে। স্বরাষ্ট্রমন্ত্রী এ সময় জানান, বর্তমান সরকার এসব অপরাধের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নেওয়ায় অল্প সময়ের মধ্যে ভূমি দখল, চাঁদাবাজি এবং অবৈধ কর্মকাণ্ডের সঙ্গে জড়িতদের গ্রেফতার ও আইনের আওতায় আনার ফলে এসব অপরাধ অনেকাংশ কমেছে। জামায়াতে ইসলামীর এমপি (চট্টগ্রাম-১৫) শাহজাহান চৌধুরীর প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, গুম কমিশনের তদন্ত প্রতিবেদন জাতীয় মানবাধিকার কমিশনে সংরক্ষিত আছে। নিখোঁজ বা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের বা ভুক্তভোগী পরিবারগুলিকে আইনি সহায়তাসহ সব ধরনের সহায়তা অব্যাহত রয়েছে বলেও মন্ত্রী জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## মেয়াদ শেষে রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রী-প্রধান উপদেষ্টা ৬ মাস ভিভিআইপি

মেয়াদ (দায়িত্ব হস্তান্তর বা পদত্যাগ) শেষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং প্রধান উপদেষ্টা দেশের মধ্যে ছয় মাস অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি (ভিভিআইপি) থাকবেন। তাদের ছয় মাসের জন্য ভিভিআইপি ঘোষণা করে গত ২২ এপ্রিল প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, সরকার 'বিশেষ নিরাপত্তা বাহিনী আইন, ২০২১'-এর ধারা ২(ক)-এ দেওয়া ক্ষমতাবলে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রধান উপদেষ্টাকে তাদের নিজ নিজ দায়িত্ব হস্তান্তর বা পদত্যাগ করার তারিখ থেকে বাংলাদেশের অভ্যন্তরে ছয় মাসের জন্য অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে ঘোষণা করলো। তবে, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে গত ১০ ফেব্রুয়ারি জারি করা প্রজ্ঞাপন অক্ষুণ্ণ রাখা হয়েছে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। সেই প্রজ্ঞাপনে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে এক বছরের জন্য অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি ঘোষণা করা হয়েছিল। অর্থাৎ ড. ইউনূসকে ভিভিআইপি ঘোষণার প্রজ্ঞাপন বহাল থাকবে। পরবর্তী সময়ে যারা রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও প্রধান উপদেষ্টা হবেন, তাদের ক্ষেত্রে ছয় মাস মেয়াদ প্রযোজ্য হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ৯ জনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে নয়জন মারা গেছেন। তাদের মধ্যে তিনজন হাম আক্রান্ত হয়ে মারা গেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ছয়জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। মঙ্গলবার (২৮ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৪৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ২২৬ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৪ হাজার ৮৫৬ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৩৪ হাজার ৬৬২ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ২৩ হাজার ৩৪৮ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ১৯ হাজার ৯৯১ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

### এসএসসি পরীক্ষা দিতে গিয়ে বজ্রপাতে প্রাণ গেল পরীক্ষার্থীর

হবিগঞ্জের চুনারুঘাটে বজ্রপাতে এক এসএসসি পরীক্ষার্থীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) সকালে উপজেলার পাইকপাড়া ইউনিয়নের আবাদ গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিক্ষার্থী রবিন মিয়া (১৬) ওই গ্রামের ইয়াকুব মিয়ার ছেলে। সে স্থানীয় চান্দপুর শামছুন্নাহার উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী। চলতি বছর সে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে। স্থানীয়রা জানান, সকালে প্রচণ্ড বেগে ঝড় হচ্ছিল। এ সময় রবিন মিয়া এসএসসি পরীক্ষায় অংশ নিতে যাওয়ার জন্য বাড়ি থেকে বের হয়। পথে বজ্রপাতে সে গুরুতর আহত হয়। তাৎক্ষণিক তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

### প্রধানমন্ত্রীর সঙ্গে শেভরন প্রতিনিধিদলের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন, শেভরন করপোরেশনের একটি প্রতিনিধিদল। মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুরে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতে শেভরন করপোরেশনের 'বেস অ্যাসেটস অ্যান্ড ইমার্জিং কান্ট্রিজ' বিভাগের প্রেসিডেন্ট জেভিয়ার লা রোজা এবং শেভরন বাংলাদেশের প্রেসিডেন্ট এরিক এম ওয়াকার উপস্থিত ছিলেন। এ সময় আরও উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

### অর্থমন্ত্রীর খুলে দেওয়া জানালা দিয়ে এস আলম চলে আসবে

সংশোধিত ব্যাংক রেজুলেশন আইন পাস হওয়ার পরিপ্রেক্ষিতে ঢাকা-১২ আসনের জামায়াতের সংসদ সদস্য সাইফুল আলম খান বলেছেন, অর্থমন্ত্রীর খুলে দেওয়া জানালা দিয়ে এস আলম চলে আসবে। মঙ্গলবার (২৮ এপ্রিল) সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। বেসরকারি খাতের ইসলামী ব্যাংকের বর্তমান চিত্র তুলে ধরে সাইফুল আলম বলেন, "গণমাধ্যমে এসেছে যে, ইসলামী ব্যাংক থেকে একদিনে ৭০৫ কোটি টাকা উত্তোলন করা হয়েছে। তিনদিনের টাকা জমা ও উঠানোর যে প্রতিবেদন, তাতে এটা নেগেটিভের দিকে যাচ্ছে। আশ্চর্যের ব্যাপার হচ্ছে, বাংলাদেশের সবগুলো বেসরকারি ইসলামি ব্যাংকে লুটপাট করা হয়েছে। সেই লুটপাট করেছে এস আলম ও তার দোসররা। ব্যাংক রেজুলেশন আইন, ২০২৬-এর মাধ্যমে অর্থমন্ত্রীর কথায় জানালা খুলে দেওয়া হয়েছে। আমি দেখতে পাচ্ছি, সেই জানালা দিয়ে সম্ভবত এস আলম এসে পড়বে।" তিনি সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলেন, "এই ব্যাংককে বাঁচাতে হবে। এই ব্যাংকের গ্রাহক ছিল ১ কোটি ২০ লাখের মতো। একটি বেসরকারি ব্যাংকের এত সংখ্যক গ্রাহক আমাদের জন্য সুখবর ছিল। আজ যদি ইসলামী ব্যাংক ধসে পড়ে, তাহলে দেশের অর্থনীতির ওপর আঘাত আসবে।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

### জুলাই সনদের বিষয়টি সংসদে আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে

জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে সরকার ও বিরোধীপক্ষের মতভেদ প্রশ্নে ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক বলেছেন, জাতীয় সংসদে আলোচনা করে এটা ঠিক করতে হবে। তবে বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের মন্তব্য করা সমীচীন হবে না বলে মনে করেন তিনি। মঙ্গলবার (২৮ এপ্রিল) জাতীয় প্রেস ক্লাবে ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিক্যাব) আয়োজিত 'ডিক্যাব টক'-এ অংশ নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সারাহ কুক বলেন, বাংলাদেশে এখন সংসদ বলবৎ আছে। জনগণ ভোট দিয়েছে। একটি সংসদীয় গণতন্ত্র কার্যকর আছে। সংসদে এমপিরা তর্ক-বিতর্ক করে সংস্কার এবং জুলাই সনদ বিষয়ে সর্বোত্তম সিদ্ধান্ত নেবেন। জনসম্মুখে আন্তর্জাতিক সম্প্রদায়ের এ বিষয়ে বলা সমীচীন নয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

### জলবায়ুজনিত অভিবাসন জননীতির একটি গুরুত্বপূর্ণ বিষয় : তথ্যমন্ত্রী

জলবায়ু পরিবর্তনের কারণে বাস্তুচ্যুত হয়ে শহরে আসা মানুষের সমস্যা কেবল মানবিক বা সাময়িক সংকট হিসেবে দেখার সুযোগ নেই, এটি জননীতির একটি গুরুত্বপূর্ণ বিষয় বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, জলবায়ুজনিত এই অভিবাসন প্রক্রিয়াকে দেশের চলমান উন্নয়ন কার্যক্রমের সঙ্গে সমন্বিত করা এখন সময়ের দাবি। মঙ্গলবার (২৮ এপ্রিল) রাজধানীর সিরডাপ মিলনায়তনে রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (আরএমএমআরইউ) আয়োজিত জাতীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেশনের (এসডিসি) সহযোগিতায় 'বাংলাদেশে জলবায়ু-সংক্রান্ত অভিবাসীদের অভিযোজনগত প্রতিবন্ধকতা এবং স্থানীয়ভাবে নেতৃত্বাধীন সমাধান' শীর্ষক এ কর্মশালার আয়োজন করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

### দ্বিপক্ষীয় সহযোগিতা জোরদারে আগ্রহী বাংলাদেশ-বেলারুশ

দ্বিপক্ষীয় সহযোগিতা জোরদারে আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ ও বেলারুশ। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে ঢাকায় নিযুক্ত বেলারুশের অনাবাসিক রাষ্ট্রদূত মিখাইল কাসকোর সৌজন্য সাক্ষাৎকালে এ আগ্রহ

প্রকাশ করা হয়। বুধবার (২৮ এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় রাষ্ট্রদূত কাসকো নবনিযুক্ত প্রতিমন্ত্রীকে অভিনন্দন জানান এবং বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য বেলারুশ সরকারের আগ্রহের কথা ব্যক্ত করেন। জবাবে প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে দুই দেশের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদারে বাংলাদেশের আগ্রহের কথা তুলে ধরেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## 'আমার আইডেন্টিটি নিয়ে প্রশ্ন করা হয়েছে, এটা গুরুতর অপরাধ' : ডা. শফিকুর রহমান

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেন, "আমার আইডেন্টিটি নিয়ে প্রশ্ন করা হয়েছে, এটা গুরুতর অপরাধ করেছে। আবার আমার আদর্শ সিলেকশনের ব্যাপারে উনি (ফজলুর রহমান) কথা বলেছেন, এটা বাড়তি অপরাধ করেছে।" মঙ্গলবার (২৮ এপ্রিল) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে এ বক্তব্য দেন তিনি। এ সময় তিনি বীর মুক্তিযোদ্ধা ফজলুর রহমানের বক্তব্যের তীব্র প্রতিবাদ জানান। শফিকুর রহমান বলেন, "তিনি মুক্তিযুদ্ধে তার অবদান সবকিছু বলেছেন। কিন্তু নিজের অবদান বলতে গিয়ে আরেকজনের অবদানের ওপরে হাতুড়ি পেটানোর অধিকার কাউকে দেওয়া হয়নি। তিনি পারসোনালি আমাকে হার্ট করেছেন। বিরোধীদলীয় নেতা বলেন, তিনি বলেছেন যে, আমি বলে থাকি, আমি শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য। বলেই, তিনি এটাকে চ্যালেঞ্জ করছেন। দুই নম্বর উনি বলেছেন, কোনো মুক্তিযোদ্ধা কিংবা শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের কেউ জামায়াতে ইসলামী করতে পারে না। তাহলে উনাকে জিজ্ঞেস করা লাগবে? আমি এটার তীব্র নিন্দা জানাই।" ফজলুর রহমানের বক্তব্যের অসংসদীয় অংশ এক্সপাঞ্জ করার দাবি জানিয়ে শফিকুর রহমান বলেন, এই সংসদকে ফাংশন করার জন্য বর্তমান জ্বালানি অব্যবস্থাপনা সংকট যেটাই বলি, সেই ক্ষেত্রে আমরা এগিয়ে এসেছিলাম, কথা বলেছি, আলোচনা হয়েছে এবং পরের দিন এসে মাননীয় প্রধানমন্ত্রী একটা প্রস্তাব দিয়েছেন। আমরা সাথে সাথে এটা গ্রহণ করেছি। তিনি (ফজলুর রহমান) এইটাকে শেষ পর্যন্ত কনক্লুশন রাখলেন কী দিয়ে, যার মগজ যে রকম, তার কনক্লুশন সেরকম। তার মতো একজন প্রবীণ ব্যক্তির কাছ থেকে, রাজনীতিবিদের কাছ থেকে আমি এই ধরনের আচরণ আশা করি না। পরে ফজলুর রহমান আবার বক্তব্য দিতে চাইলে স্পিকার তাকে ফ্লোর না দিয়ে বলেন, এখন আর তো না বললেও চলে। আমরা সংসদ উত্তপ্ত হোক, এ রকম চাই না। আপনি একটু দয়া করে বসুন। পরে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, ফজলুর রহমান যে বক্তব্য দিয়েছেন, তার মধ্যে যদি অসংসদীয় কোনো কিছু থাকে, সেটা এক্সপাঞ্জ করা হবে। বিরোধী দলের নেতা যে বক্তব্য দিয়েছেন, তার মধ্যেও যদি কোনো কিছু অসংসদীয় থাকে, সেটিও এক্সপাঞ্জ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## এসএসসির চতুর্থ দিনে বহিষ্কার ৪৯, অনুপস্থিতি ৩২ হাজারের বেশি

এসএসসি ও সমমান পরীক্ষার চতুর্থ দিনে দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে সারা দেশে ৪৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এদিন অনুপস্থিত ছিল ৩২ হাজার ৩৯২ জন। হিসাব অনুযায়ী, তৃতীয় দিনের চেয়ে এদিন বহিষ্কার বেড়েছে। তবে, অনুপস্থিতি কমেছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) বিকেলে ১১টি শিক্ষা বোর্ডের মোর্চা বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনের তথ্যমতে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষায় ২৪ জনকে বহিষ্কার করা হয়েছে। এ পরীক্ষায় সারা দেশে অনুপস্থিত ছিল ১৬ হাজার ১৮৪ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## শেখ হাসিনা-পলকসহ ৩৪ জনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি পেছালো

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় মোহাম্মদপুরে ট্রাকচালক হত্যার মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক আইসিটি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলকসহ ৩৪ জনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি পিছিয়েছে। আগামী ২১ মে নতুন তারিখ নির্ধারণ করেছেন আদালত। মঙ্গলবার (২৮ এপ্রিল) ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক রবিউল আলম এ আদেশ দেন। নির্ধারিত তারিখে অভিযোগ গঠনের শুনানির জন্য পলক ও সাবেক সংসদ সদস্য সাদেক খানকে আদালতে হাজির করা হয়। তবে আসামিপক্ষ সময়ের আবেদন করলে আদালত শুনানি পিছিয়ে নতুন দিন ধার্য করেন। মামলা সূত্রে জানা যায়, ২০২৪ সালের ১৯ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় মোহাম্মদপুরের চাঁদ উদ্যান এলাকায় গুলিতে নিহত হন ট্রাকচালক মো. হোসেন। তিনি গাবতলীতে ট্রাক রেখে বাসায় ফেরার পথে এ ঘটনার শিকার হন বলে অভিযোগ রয়েছে। এ ঘটনায় একই বছরের ৩১ আগস্ট নিহতের মা রীনা বেগম বাদী হয়ে মোহাম্মদপুর থানায় হত্যা মামলা দায়ের করেন। পরবর্তীতে ২০২৫ সালের ২৩ নভেম্বর মামলার তদন্ত কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন, যেখানে শেখ হাসিনা ও পলকসহ ৩৪ জনকে আসামি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## ৭ মে উৎপাদনে ফিরবে ইস্টার্ন রিফাইনারি

দেশের একমাত্র সরকারি জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারি পিএলসিতে (ইআরএল) উৎপাদন বন্ধ প্রায় ১৭ দিন। মূলত, অপরিশোধিত তেল (ক্রুড অয়েল) সংকটে উৎপাদন বন্ধ করতে বাধ্য হয়। সব অনিশ্চয়তা কাটিয়ে আরও ৯ দিন পর ফের উৎপাদনে ফিরতে পারবে বলে আশা করছে প্রতিষ্ঠানটি। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের

(বিপিসি) মালিকানাধীন একমাত্র পেট্রোলিয়াম রিফাইনারি ইআরএল। ইআরএলে পরিশোধনে ব্যবহৃত শতভাগ অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করতে হয়। বাংলাদেশ জিটুজি পদ্ধতিতে সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত থেকে এসব অপরিশোধিত তেল আমদানি করে। আমদানি করা এসব অপরিশোধিত তেল শতভাগ পরিবহণ করে সরকারি পতাকাবাহী প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং করপোরেশন (বিএসসি)। বিএসসি এসব তেল পরিবহণের জন্য বর্তমানে আমেরিকান প্রতিষ্ঠান নর্ভিক অ্যানার্জি থেকে চার্টারে জাহাজ ভাড়া নেয়। মধ্যপ্রাচ্য যুদ্ধ শুরু হওয়ার পর বিএসসির চার্টারার প্রতিষ্ঠান আমেরিকান কোম্পানি হওয়ায় মার্চ মাসে দুই লাখ টন অপরিশোধিত তেল পরিবহণে ঝুঁকি তৈরি হয়। এর মধ্যে সৌদি আরবের রাস তানুরা থেকে এক লাখ টন অপরিশোধিত তেল লোড করে হরমুজ প্রণালিতে হামলার আশঙ্কায় গত ৫ এপ্রিল থেকে আটকা পড়ে নর্ডিক পোলাক্স নামে ট্যাংকার জাহাজ। প্রায় দেড় মাস পেরিয়ে গেলেও, কখন জাহাজটি বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা করবে তার নিশ্চয়তা এখনো মেলেনি। পাশাপাশি অন্য পার্সেলে সংযুক্ত আরব আমিরাতের জেবল দানা বন্দর থেকে ২১-২২ মার্চ, পরবর্তী সময়ে সূচি পাল্টে ৩১ মার্চ এক লাখ টন অপরিশোধিত তেল লোড নেওয়ার কথা থাকলেও, এর আগেই যুদ্ধ এলাকায় মালিকপক্ষের জাহাজ পাঠানোর অনীহার কারণে 'ওমেরা গ্যালাক্সি' নামে ট্যাংকার ভেসেলের যাত্রা বাতিল হয়। ফলে অপরিশোধিত তেল সংকটে গত ১২ এপ্রিল বিকেল থেকে ইস্টার্ন রিফাইনারির মূল প্ল্যান্ট ক্রুড ডিস্টিলেশন ইউনিট (সিডিইউ) পুরোপুরি বন্ধ করে দেওয়া হয়। পরে সিডিইউনির্ভর অন্য প্ল্যান্টগুলোও বন্ধ হয়ে যায়। চলমান জ্বালানি সংকটের মধ্যে যা উদ্বেগ আরও বাড়িয়ে দেয়। এর মধ্যে সরকার স্পট মার্কেট থেকে বেশি দামে পরিশোধিত জ্বালানি কিনে পরিস্থিতি সামাল দিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## ইউনূস সরকারের নবীন সদস্যদের দুর্নীতির অভিযোগ শামার, প্রমাণ চান নাহিদ

ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের নবীন সদস্যদের (উপদেষ্টা) বিরুদ্ধে সংসদে দুর্নীতির অভিযোগ তুলেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেছেন, জুলাই অভ্যুত্থান প্রমাণ করেছে নতুন প্রজন্ম দেশপ্রেমিক। কিন্তু দুর্ভাগ্যবশত, ৫ আগস্টের পর গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের নবীন সদস্যদের বিরুদ্ধে গত দেড় বছরে দুর্নীতির অভিযোগ উঠেছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রীর এমন অভিযোগের জবাবে সংসদে বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেন, আমি সেই সরকারের (অন্তর্বর্তীকালীন সরকারের) উপদেষ্টা ছিলাম। আমি কোথায় দুর্নীতি করেছি, তার প্রমাণ দিতে হবে। মঙ্গলবার (২৮ এপ্রিল) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে প্রতিমন্ত্রী এ অভিযোগ করেন। তিনি বলেন, যদি রাষ্ট্রপতি বা তার ভাষণ অবৈধ হয়, তবে তৎকালীন (অন্তর্বর্তীকালীন) সরকারও অবৈধ কি না, তা ভেবে দেখতে হবে। শামা ওবায়েদ বলেন, আমরা যখন নতুন বাংলাদেশ ও নতুন প্রজন্মের কথা বলি, তখন শুধু ফেসবুকে স্ট্যাটাস দিয়ে ভাইরাল হওয়ার রাজনীতি আশা করি না। দেশের জন্য কাজ করতে হলে সরকার ও বিরোধী দল উভয়কেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, বিরোধী দলও সংসদের গুরুত্বপূর্ণ অংশ। যদি সরকারে থেকে কাজ করতে হয়, তাহলে এক্সপেরিয়েন্স যেমন দরকার সাহস সেরকম দরকার, বুদ্ধিমত্তাও দরকার। কারণ, বিএনপি এমন রাজনৈতিক দল যে ফেসবুকে রাজনীতি করে না, রাস্তায় রাস্তায় ঘুরে খেটে রাজনীতি করে। 'শুধু বট বাহিনী দিয়ে, স্ট্যাটাস দিয়ে মানুষকে ছোটো করে, আজেবাজে কথা বলে ভাইরাল হয়ে রাজনীতি হয় না। যদি ১৯৭১ সালে ফেসবুক বা সোশ্যাল মিডিয়া থাকতো, তাহলে দেশ স্বাধীন হতো কি না আমরা জানি না।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## তেজগাঁও এলাকায় অভিযানে গ্রেফতার ৭২

রাজধানীর তেজগাঁও এলাকার বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগে ৭২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (২৮ এপ্রিল) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। এন এম নাসিরুদ্দিন বলেন, মঙ্গলবার (২৮ এপ্রিল) বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে এসব ব্যক্তিকে গ্রেফতার করা হয়। এসময় ৫৮ পিস ইয়াবা ট্যাবলেট, দুটি সামুরাই, দুটি চাপাতি ও নগদ ২ হাজার ৭৭০ টাকা উদ্ধার করা হয়। তিনি বলেন, গ্রেফতারদের মধ্যে তেজগাঁও থানা সাতজন, শের-ই-বাংলা নগর থানা আটজন, মোহাম্মদপুর থানা ২৬ জন, আদাবর থানা ছয়জন, তেজগাঁও শিল্পাঞ্চল থানা ১৭ জন ও হাতিরঝিল থানায় আটজন রয়েছে। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## অবৈধ রিকশা নিয়ন্ত্রণ ও ফুটপাত দখলমুক্ত করতে নীতিমালা করছে সরকার

রাজধানী ঢাকার শৃঙ্খলা ফেরাতে অবৈধ ব্যাটারিচালিত রিকশা নিয়ন্ত্রণ ও ফুটপাত দখলমুক্ত করতে সরকার নীতিমালা তৈরি করছে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক বীর মুক্তিযোদ্ধা আবদুস সালাম। নীতিমালায় জনভোগান্তি ও জীবিকা নির্বাহ দুটি বিষয়েই ভারসাম্য রাখা হবে বলে জানান তিনি। মঙ্গলবার (২৮ এপ্রিল) ডিএসসিসি ভবনে রাজধানীর যানজট নিরসন ও জনভোগান্তি লাঘবে অবৈধ ব্যাটারিচালিত রিকশা নিয়ন্ত্রণ সংক্রান্ত এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভায় তিনি এ কথা জানান। ডিএসসিসি প্রশাসকের সভাপতিত্বে সভায় 'বাংলাদেশ রিকশা-ভ্যান ও ব্যাটারিচালিত রিকশা-ভ্যান মালিক ফেডারেশনের' নেতারা অংশ নেন। ডিএসসিসি প্রশাসক বলেন,

রিকশা ঢাকার ঐতিহ্য হলেও, বর্তমানে অবৈধ ব্যাটারিচালিত রিকশা নাগরিকদের জন্য মরণফাঁদে পরিণত হয়েছে। সরকার অবৈধ ব্যাটারিচালিত রিকশা নিয়ন্ত্রণ ও ফুটপাত দখলমুক্ত করতে কাজ করছে। তিনি জানান, নীতিমালা অনুযায়ী নির্দিষ্ট নকশা, গতি ও নিরাপত্তা বিশিষ্ট নির্দিষ্টসংখ্যক রিকশা রাস্তায় চলবে, যেন রাস্তায় বিশৃঙ্খলা তৈরি না হয়। এসময় ঢাকা শহরের বাইরে থেকে যারা অবৈধভাবে ব্যাটারিচালিত রিকশা নিয়ে ব্যবসা করছে, তাদের বিরুদ্ধে রাজধানীর প্রকৃত রিকশাচালক ও মালিকদের সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

## ডিজিটাল নিরাপত্তা আইন এখনো ঝুঁকিপূর্ণ, পুনর্মূল্যায়নের দাবি

সম্প্রতি পাস হওয়া ডিজিটাল নিরাপত্তা বিষয়ক আইনগুলো মানুষের মতপ্রকাশের স্বাধীনতা ও ব্যক্তিগত গোপনীয়তার জন্য এখনো ঝুঁকিপূর্ণ- এমন মত দিয়েছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, এসব আইন দ্রুত পাস করা হয়েছে এবং এতে ডিজিটাল নজরদারির সুযোগ রেখে দেওয়া হয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত 'ডিজিটাল রাইটস এশিয়া-প্যাসিফিক (ড্রাপ্যাক) বাংলাদেশ জাতীয় সম্মেলন ২০২৬'-এ বক্তারা এসব কথা বলেন। 'অর্থবহ, অন্তর্ভুক্তিমূলক আইন প্রণয়ন' প্রতিপাদ্যে আয়োজিত এ সম্মেলনের আয়োজন করে ডিজিটালি রাইট ও এনগেজমিডিয়া। সেশন পার্টনার ছিল ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও ডি-নেট। সম্মেলনে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, নতুন আইনগুলোতে নানান অসংগতি রয়েছে এবং সেগুলো জনগণের ক্ষমতায়নে সহায়ক হয়নি। তার মতে, আগের আইনগুলোই নতুন নামে ফিরে এসেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## অর্থের অভাবে কেউ ন্যায়বিচার থেকে বঞ্চিত হবে না : প্রধানমন্ত্রী

ফ্যাসিবাদী শাসনের অবসানের পর দেশ গণতন্ত্রের পথে হাঁটছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার রাজধানীতে আইনগত সহায়তা দিবসে এ মন্তব্য করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, অর্থের অভাবে কেউ ন্যায়বিচার থেকে বঞ্চিত হবে না। আমরা মানবকি রাষ্ট্র গড়ে তুলতে চাই, যেখানে ন্যায়বিচার থেকে কেউ বঞ্চিত হবে না। তারেক রহমান বলেন, যারা আর্থিকভাবে সামর্থবান নন, তাদের আইনি সহায়তা দিতে সরকার সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করেছে। তিনি বলেন, ন্যায়বিচারের কথা শুধু আইনের বইয়ে নয়, এটা প্রতিটি মানুষের জীবনে বাস্তব হয়ে উঠুক। প্রধানমন্ত্রী বলেন, ন্যায়পরায়ণতা তখনই অর্থবহ হয়ে ওঠে, যখন আইন মানুষের ওপর যান্ত্রিক উপায়ে প্রয়োগ না হয়ে বরং তাদের মর্যাদা সংরক্ষণ এবং প্রাপ্ত অধিকার নিশ্চিত করার একটি গভীর নৈতিক অঙ্গীকারে রূপ নেয়। যেহেতু ন্যায়বিচার প্রতিটি মানুষের সাংবিধানিক অধিকার, সেই অধিকার যেন রাষ্ট্রের প্রত্যেকটি মানুষ চর্চা করতে পারে, এ জন্য সরকার যথাসাধ্য লিগ্যাল এইড দেবে। তিনি বলেন, বিচার বিলম্ব মানেই বিচার অস্বীকার। এই বাস্তবতা মাথায় রেখে মামলার আগেই বিরোধ নিষ্পত্তির উদ্যোগ নেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টার সঙ্গে চীনা রাষ্ট্রদূতের সাক্ষাৎ

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. একেএম শামছুল ইসলামের সঙ্গে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেন। ঢাকা সেনানিবাসস্থ সশস্ত্র বাহিনী বিভাগে প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে আজ এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে তারা পারস্পরিক কুশল বিনিময় করেন। পাশাপাশি বাংলাদেশ ও চীনের মধ্যকার প্রযুক্তিগত ও সামরিক সহযোগিতা প্রসঙ্গেও আলোচনা করেন। এছাড়া, উভয়ে দুইদেশের মধ্যে বিদ্যমান সামরিক সম্পর্ক ও কৌশলগত বন্ধনকে আরও সুদৃঢ় করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন প্রতিরক্ষা উপদেষ্টা ও চীনা রাষ্ট্রদূত। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## বৃষ্টির পানি সংরক্ষণেও জোর দিতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী

স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশের নদীগুলোকে দূষণের হাত থেকে বাঁচাতে কার্যকর পদক্ষেপ নেওয়া ছাড়া বিকল্প নেই। এ বিষয়গুলো আমাদের ঠিক করতে হবে এবং পরিবর্তন আমাদেরকেই আনতে হবে। মঙ্গলবার রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরে বিশ্ব পানি দিবসের আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। মির্জা ফখরুল বলেন, ডিপ টিউবওয়েল ব্যবহারের পরিবর্তে সার্ফেস ওয়াটার ব্যবহারে অভ্যস্ত হতে হবে। সেক্ষেত্রে বৃষ্টির পানি সংরক্ষণেও জোর দিতে হবে। ঢাকা শহরের সবচেয়ে বড়ো সংকট নিরাপদ পানি, এ কথা জানিয়ে এসময় পুরোনো চিন্তা বাদ দিয়ে বাংলাদেশকে বাঁচাতে নতুনভাবে ভাবার আহ্বান জানান মির্জা ফখরুল। তিনি বলেন, সারা বিশ্বে নিরাপদ পানির অভাব রয়েছে। নিরাপদ পানির জন্য অনেক যুদ্ধ বিগ্রহও হয়। পরবর্তী বিশ্বযুদ্ধ নিরাপদ পানির জন্য হওয়ার আলামত দেখতে পাচ্ছি। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## ত্রয়োদশ জাতীয় নির্বাচনে কোনো 'ইঞ্জিনিয়ারিং' চোখে পড়েনি : ইইউ নির্বাচন পর্যবেক্ষক মিশন

ত্রয়োদশ জাতীয় নির্বাচনে কোনো 'ইঞ্জিনিয়ারিং' চোখে পড়েনি বলে জানিয়েছে ইউরোপীয় ইউনিয়নের ইইউ নির্বাচন পর্যবেক্ষণ মিশন। আজ মঙ্গলবার রাজধানীর একটি হোটেলে বাংলাদেশের সবশেষ জাতীয় সংসদ নির্বাচনের চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে এ কথা জানানো হয়। ইলেকশন ইঞ্জিনিয়ারিং নিয়ে এক প্রশ্নের জবাবে ইইউ'র নির্বাচন

পর্যবেক্ষণ মিশনের প্রধান ইভার্স ইজাবস বলেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কোনো ধরনের ইলেকশন ইঞ্জিনিয়ারিং আমাদের চোখে পড়েনি। যদি কোনো রাজনৈতিক দলের ইলেকশন ইঞ্জিনিয়ারিং নিয়ে অভিযোগ থাকে, তাহলে তারা আইনি প্রক্রিয়ায় যেতে পারে। এসময় বাংলাদেশের নির্বাচন ব্যবস্থার উন্নয়নে ১৯টি সুপারিশ করেছে ইইউ। এর মধ্যে ছয়টি সুপারিশকে অগ্রাধিকার দেওয়া দেওয়া হয়েছে। এছাড়া, নির্বাচনে প্রার্থিতার অংশগ্রহণের ক্ষেত্রে দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর দেওয়া প্রতিশ্রুতির প্রতিফলন আগামীতে ঘটবে বলে প্রত্যাশা ইইউ'র। ইভার্স ইজাবস আরও বলেন, ২০০৮ সালের পর এমন বিশ্বাসযোগ্য নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, যার মাধ্যমে নির্বাচন কমিশনের ওপর জনগণের আস্থা ফিরে আসছে, সুশাসন প্রতিষ্ঠার পথ তৈরি হয়েছে। বিশেষ করে, নির্বাচনকালীন নিরাপত্তা ব্যবস্থা যথেষ্ট ছিল। ফলাফল প্রাথমিক ও চূড়ান্তভাবে প্রকাশ নিয়ে কোনো অস্বচ্ছতার অভিযোগ ছিল না। ইভার্স আরও বলেন, প্রার্থীরা স্বচ্ছভাবে প্রচারণা চালাতে পেরেছেন। যে-কোনো রাজনৈতিক সংকট নিয়ে সংলাপের যথেষ্ট সুযোগ ছিল। যখনই কোনো অভিযোগ এসেছে বা নির্বাচনকালীন সময়ে কোনো সংকট তৈরি হয়েছে, তা দ্রুত ও বিশ্বাসযোগ্যভাবে সমাধান করা হয়েছে। তবে নির্বাচন সংশ্লিষ্ট আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করার জন্য সবাইকে আরও কাজ করতে হবে বলেও জানান ইভার্স ইজাবস। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র থেকে চলতি বছর আগস্টে জাতীয় গ্রিডে বিদ্যুৎ যুক্ত হবে

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট থেকে চলতি বছরের আগস্টে জাতীয় গ্রিডে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ যুক্ত হবে। প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান এ কথা জানিয়েছেন। তিনি বলেন, এই প্রকল্প থেকে বাংলাদেশের মোট বিদ্যুৎ চাহিদার প্রায় ১০ শতাংশ পূরণ হবে এবং প্রায় ২ কোটি মানুষ এর সুফল পাবে। মঙ্গলবার সচিবালয়ে পিআইডি'র সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আয়োজিত ব্রিফিংয়ে তিনি এসব তথ্য জানান। এ সময় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা উপস্থিত ছিলেন। জ্বালানি তেলের কোনো সংকট নেই উল্লেখ করে উপদেষ্টা বলেন, বর্তমানে ১ লাখ ৭০ হাজার মেট্রিক টন ডিজেল মজুত রয়েছে। আগামী ৩০ এপ্রিলের মধ্যে আরও ১ লাখ ৮০ হাজার মেট্রিক টন ডিজেল আসবে। বিভিন্ন পাম্পে দীর্ঘ সারিও নেই, ফলে শিগ্গিরই সংকটের বিষয়টি দূর হবে। ডা. জাহেদ উর রহমান জানান, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি একনেক গত মাসে ১৩ হাজার ৪৪৫ কোটি ৪১ লাখ টাকার বরাদ্দে ১৪টি প্রকল্পের অনুমোদন দিয়েছে। এর মধ্যে ৫টি নতুন এবং ৫টি সংশোধিত প্রকল্প রয়েছে। বিদ্যুৎ উৎপাদন, সড়ক যোগাযোগ ও স্থানীয় প্রশাসন উন্নয়নমূলক এসব প্রকল্পে অর্থ বরাদ্দ করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## ১০০০ বা ৫০০ টাকার নোটের লেনদেন নিয়ে কেন্দ্রীয় ব্যাংকের সতর্কবার্তা

বাংলাদেশ ব্যাংক আসন্ন ঈদুল আজহা ও কোরবানির পশুর হাটে বড়ো অংকের নোট লেনদেনে বিশেষ সতর্কতা জারি করেছে। উৎসবের এই সময়ে বাজারে জাল নোটের বিস্তার বেড়ে যাওয়ার ঝুঁকি থাকায় কেন্দ্রীয় ব্যাংক সাধারণ মানুষকে সচেতন হওয়ার আহ্বান জানিয়েছে। লেনদেনের সময় ১০০, ২০০, ৫০০ ও ১০০০ টাকার নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য যেমন- জলছাপ, নিরাপত্তা সুতা, রং পরিবর্তনশীল কালি ও অসমতল ছাপার বিষয়টি নিবিড়ভাবে যাচাই করে নেওয়া প্রয়োজন। কোনো নোট নিয়ে সন্দেহ দেখা দিলে পশুর হাটে স্থাপিত ব্যাংকের অস্থায়ী বুথ অথবা নিকটস্থ যে-কোনো বাণিজ্যিক ব্যাংকের কর্মকর্তাদের সহায়তা নেওয়া যাবে। জালিয়াতি এড়াতে অপরিচিত বা সন্দেহজনক উৎস পরিহার করে ব্যাংক বা অনুমোদিত প্রতিষ্ঠানের মাধ্যমে লেনদেন করা এবং অন্যকেও এ বিষয়ে সচেতন রাখা জরুরি। আসল নোটের বৈশিষ্ট্য সম্পর্কে বিস্তারিত জানতে বাংলাদেশ ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করার পরামর্শ দেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## ভুটানের সঙ্গে বাণিজ্য ও জ্বালানি সহযোগিতা জোরদারে গুরুত্বারোপ

বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে আজ সচিবালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন, বাংলাদেশে নিযুক্ত ভুটানের রাষ্ট্রদূত দাশো কর্মা হামু দর্জি। বৈঠকে দুইদেশের দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের পাশাপাশি, আঞ্চলিক সহযোগিতা জোরদারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। নবায়নযোগ্য জ্বালানি, বিশেষ করে সৌর ও জলবিদ্যুৎ খাতে যৌথ উদ্যোগের উপরও গুরুত্ব দেওয়া হয়। বাণিজ্যমন্ত্রী বলেন, দক্ষিণ এশিয়ার দেশগুলোর সম্মিলিত জিডিপি প্রায় ৫৯ ট্রিলিয়ন মার্কিন ডলার হলেও, পারস্পরিক বাণিজ্য মাত্র ১ শতাংশের কাছাকাছি, যা সম্ভাবনার তুলনায় অত্যন্ত কম। এ অবস্থায় প্রতিবেশী দেশগুলোর মধ্যে বাণিজ্যিক সম্পর্ক জোরদার অপরিহার্য। খন্দকার মুক্তাদির বলেন, প্রতিবেশী দেশগুলোর সঙ্গে কার্যকর অর্থনৈতিক অংশীদারিত্ব গড়ে তোলার মাধ্যমে আঞ্চলিক সম্ভাবনাকে কাজে লাগাতে চায় বাংলাদেশ। তিনি জ্বালানি খাতে সহযোগিতা বাড়ানোর উপরও গুরুত্বারোপ করেন। বাণিজ্য মন্ত্রী বলেন, সীমান্তবর্তী এলাকায় স্বল্প দূরত্বে জলবিদ্যুৎ কেন্দ্র স্থাপন পারস্পরিকভাবে লাভজনক হতে পারে। অন্যদিকে, বাণিজ্য মন্ত্রী নিযুক্ত হওয়ায় খন্দকার আব্দুল মুক্তাদিরকে অভিনন্দন জানান ভুটানের রাষ্ট্রদূত। তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে তার দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক বেশ নিবিড়। এ সম্পর্ক আরও জোরদারে আগ্রহী তারা। দাশো কর্মা হামু দর্জি বলেন, বাংলাদেশের বুড়িমারি সীমান্ত থেকে ভুটানের দূরত্ব ১০০ কিলোমিটারের কাছাকাছি। নিকটবর্তী দেশ হওয়ায় দুইদেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ লাভজনক। তিনি জানান, বাংলাদেশের মেডিকেল কলেজগুলোতে ভুটানের শিক্ষার্থীরা

পড়তে আসেন এবং ফিরে সেদেশের মানুষের সেবায় নিয়োজিত হন। এতে করে দুদেশের সংস্কৃতিরও বিনিময় হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## পুলিশে নতুন করে সাড়ে ১৪ হাজার পদ সৃষ্টি হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, পুলিশে নতুন করে ১৪ হাজার ৫০০ পদ সৃষ্টি হচ্ছে। তার মধ্যে এএসপি পদ ৫০০, এসআই (নিরস্ত্র) ৪ হাজার এবং ১০ হাজার কনস্টেবল। মঙ্গলবার জাতীয় সংসদের প্রশ্নোত্তরে মাদারীপুর-২ আসনের সংসদ সদস্য জাহান্দার আলী মিয়ার প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব তথ্য জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমানে বাংলাদেশ পুলিশে ২ লাখ ১৮ হাজার ৫৫৪টি পদ রয়েছে। এরমধ্যে পুলিশ পদ ২ লাখ ৭ হাজার ৭৪৫, নন-পুলিশ পদ ৮ হাজার ৪৭টি এবং নন-পুলিশ আউটসোর্সিং পদ ২ হাজার ৭৬২টি। নতুন করে ১৪ হাজার ৫০০ পদ সৃষ্টি হচ্ছে। এরমধ্যে এএসপি পদ ৫০০, এসআই ৪ হাজার এবং ১০ হাজার কনস্টেবল। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর ২ হাজার ৭০৩টি কনস্টেবলের শূন্য পদের বিপরীতে নিয়োগ কার্যক্রম শুরু হয়েছে। এ ছাড়া সরাসরি ২ হাজার এএসআই নিয়োগ করা হবে বলেও জানিয়েছেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## নিউমার্কেটে গুলিতে নিহত ব্যক্তি শীর্ষ সন্ত্রাসী টিটন

রাজধানীর নিউমার্কেট সংলগ্ন শহিদ শাহনেওয়াজ হলের সামনে এক দুর্ধর্ষ হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে। দুর্বৃত্তদের অতর্কিত গুলিতে নিহত যুবক দেশের অন্যতম শীর্ষ সন্ত্রাসী খন্দকার নাঈম আহমেদ টিটন বলে নিশ্চিত করেছে পুলিশ। মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে মুমূর্ষু অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। দীর্ঘ দুই দশক কারাগারে থাকার পর রাজনৈতিক পটপরিবর্তনের প্রেক্ষাপটে সম্প্রতি তিনি মুক্তি পেয়েছিলেন। ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার এস এন মো. নজরুল ইসলাম এই নিহতের পরিচয় নিশ্চিত করেছেন। প্রাথমিক তদন্তে জানা গেছে, শীর্ষ সন্ত্রাসী ক্যাপ্টেন ইমনের সঙ্গে টিটনের দীর্ঘদিনের বিরোধ চলছিল। সম্পর্কের দিক থেকে নিহত টিটন ছিলেন ক্যাপ্টেন ইমনের শ্যালক। এই পারিবারিক ও অপরাধ জগতের অভ্যন্তরীণ দ্বন্দ্বের জের ধরেই এই খুনের ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, ঘটনার সময় টিটন নীলক্ষেত সংলগ্ন বটতলা এলাকা দিয়ে যাচ্ছিলেন। এমন সময় একটি মোটরসাইকেলে আসা দুই দুর্বৃত্ত তাকে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি চালিয়ে দ্রুত পালিয়ে যায়। হাসপাতালের তথ্য অনুযায়ী, টিটনের শরীরের বিভিন্ন স্থানে মোট পাঁচটি গুলি লেগেছে। এর মধ্যে মাথায় তিনটি, হাতের বাহুতে একটি এবং বগলের নিচে একটি গুলি লাগে। ঘটনার পর স্থানীয় জনতা ঘাতকদের ধাওয়া করার চেষ্টা করলেও, তারা ফাঁকা গুলি ছুড়ে আতঙ্ক সৃষ্টি করে এলাকা ত্যাগ করে। হামলাকারীদের মাথায় ক্যাপ এবং মুখে মাস্ক থাকায় তাদের শনাক্ত করা কঠিন হয়ে পড়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## বাংলাদেশকে বিপুল কৃষি ও জ্বালানি পণ্য আমদানির প্রস্তাব মার্কিন রাষ্ট্রদূতের

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে প্রস্তাবিত বাণিজ্য চুক্তি নিয়ে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেন। তিনি বলেছেন, এই চুক্তির মাধ্যমে বাংলাদেশ শুল্ক ও অশুল্ক বাণিজ্য বাধা কমানোর উদ্যোগ নিচ্ছে, যা দুই দেশের মধ্যে বাণিজ্য ভারসাম্য প্রতিষ্ঠায় সহায়ক হবে। মঙ্গলবার আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচেম) আয়োজিত এক মধ্যাহ্নভোজ সভায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর শেরাটন হোটেলে অনুষ্ঠিত 'বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অর্থনৈতিক অংশীদারত্ব জোরদার' শীর্ষক এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির। মার্কিন রাষ্ট্রদূত বলেন, বাণিজ্য চুক্তি বাস্তবায়িত হলে শুধু বাণিজ্যই নয়, বাংলাদেশের অর্থনীতি নতুন গতি পাবে। দক্ষিণ এশিয়ায় কৌশলগত অবস্থানের কারণে বাংলাদেশ একটি বড়ো উৎপাদনকেন্দ্রে পরিণত হওয়ার সম্ভাবনা রাখে। তিনি জানান, চুক্তির আওতায় বাংলাদেশ যুক্তরাষ্ট্র থেকে ৩৫০ কোটি ডলারের কৃষিপণ্য-গম, সয়াবিন, তুলা ও ভুট্টা-আমদানির প্রতিশ্রুতি দিয়েছে। এছাড়া, আগামী ১৫ বছরে প্রায় ১ হাজার ৫০০ কোটি ডলারের জ্বালানিপণ্য আমদানির পরিকল্পনাও রয়েছে। ব্রেন্ট টি ক্রিস্টেনসেন বলেন, দুই দেশের মধ্যে দীর্ঘমেয়াদি বাণিজ্য ভারসাম্য আনতে হলে রপ্তানির পাশাপাশি, আমদানিও বাড়াতে হবে। এ ক্ষেত্রে যুক্তরাষ্ট্র থেকে পণ্য আমদানির বিষয়টি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি আরও জানান, বাংলাদেশের জ্বালানি খাতে ২০৫০ সালের মধ্যে বিপুল বিনিয়োগ প্রয়োজন হবে এবং এ খাতে যুক্তরাষ্ট্রের শীর্ষ কোম্পানিগুলোর আগ্রহ রয়েছে। পাশাপাশি ডিজিটাল অর্থনীতি, প্রযুক্তি, অবকাঠামো ও শিল্প খাতেও যুক্তরাষ্ট্রের বিনিয়োগের সম্ভাবনা রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

## জিডিপিতে ভারতকে ছাড়িয়ে যেতে পারে বাংলাদেশ : আইএমএফ-এর প্রতিবেদন

সম্প্রতি আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ তাদের 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক' প্রতিবেদন প্রকাশ করেছে। যেখানে পূর্বাভাস দেওয়া হয়েছে যে, ২০২৬ সালে বাংলাদেশের মাথাপিছু মোট দেশজ উৎপাদন বা জিডিপি ভারতকে ছাড়িয়ে যেতে পারে। এই প্রতিবেদন অনুযায়ী, বছর শেষে বাংলাদেশের মাথাপিছু জিডিপি হবে ২ হাজার ৯১১ ডলার, আর ভারতের ২ হাজার ৮১২ ডলার। দীর্ঘমেয়াদি অর্থনৈতিক প্রবৃদ্ধি, রপ্তানি আয়ের ধারাবাহিকতা এবং জনসংখ্যা বৃদ্ধির

ধীরগতির কারণে এ সম্ভাবনা তৈরি হয়েছে বলেও প্রতিবেদনে জানিয়েছে আইএমএফ। আয়তনের দিক থেকে বাংলাদেশ তুলনায় ভারতের অর্থনীতি অনেক বড়ো। তবে, চলতি বছর মাথাপিছু জিডিপি প্রবৃদ্ধির এই হার সামান্য কিছু বাড়লেও পরবর্তী বছর, ২০২৭ সালে আবার বাংলাদেশের তুলনায় এগিয়ে যেতে পারে ভারত। অর্থনীতিবিদরা বলছেন, মাথাপিছু জিডিপি বাড়ার পূর্বাভাস দেখে আত্মতুষ্টিতে ভোগার খুব বেশি সুযোগ নেই। কারণ এটা বাংলাদেশের মানুষের জীবনমানে খুব একটা পরিবর্তন আনবে না। মাথাপিছু জিডিপিতে এগিয়ে থাকার পেছনে আন্তর্জাতিক মুদ্রার বিনিময় হারে স্থিতিশীলতাসহ কয়েকটি কারণে হতে পারে বলেও মনে করছেন অর্থনীতিবিদরা।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

**জাপানে বিপুল পরিমাণ জনশক্তি পাঠানোর সুযোগ পাচ্ছে বাংলাদেশ**

জাপানের শ্রমবাজারে সৃষ্টি হওয়া বিশাল শূন্যতা পূরণে বড়ো ধরনের সুযোগ তৈরি হয়েছে বাংলাদেশের সামনে। ২০২৯ সালের মার্চের মধ্যে দেশটি ১৬টি খাতে প্রায় ৮ লাখ ২০ হাজার দক্ষ কর্মী নিয়োগের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। বিশেষজ্ঞদের মতে, সঠিক প্রস্তুতি নিতে পারলে এই চাহিদার অন্তত ৪০ শতাংশ বা ৩ লাখেরও বেশি জনশক্তি বাংলাদেশ থেকেই পাঠানো সম্ভব। টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসের শ্রম উইং ও আন্তর্জাতিক সংবাদমাধ্যম 'জাপান টাইমস'-এর তথ্য অনুযায়ী, ২০২৯ সাল নাগাদ জাপানে নির্দিষ্ট দক্ষতাসম্পন্ন কর্মী ও দক্ষতা উন্নয়নভিত্তিক কর্মসংস্থান ক্যাটাগরিতে মোট ১২ লাখ বিদেশি কর্মীর প্রয়োজন হবে। দীর্ঘমেয়াদি পূর্বাভাস বলছে, ২০৪০ সাল নাগাদ দেশটিতে এই চাহিদার পরিমাণ দাঁড়াতে পারে প্রায় ১ কোটি ১০ লাখে। আগে কেবল ছয়টি খাতে কর্মী পাঠানোর সুযোগ থাকলেও, বর্তমানে ১৬টি খাতের সবকটিতেই দক্ষ জনবল পাঠাতে প্রস্তুতি নিচ্ছে সরকার। এ লক্ষ্যে, ভাষা শিক্ষা ও কারিগরি দক্ষতা উন্নয়নে নেওয়া হয়েছে বিশেষ কর্মপরিকল্পনা। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৪.২০২৬ আসাদ)

# BBC

**UKRAINE ACCUSES ISRAEL OF RECEIVING SHIPMENTS OF GRAIN 'STOLEN' BY RUSSIA**

A diplomatic row has broken out over allegations that Israel is receiving shipments of grain from Russian-occupied Ukraine. Ukrainian President Volodymyr Zelensky said that "another vessel" carrying grain "stolen by Russia" had arrived at a port in Israel and was preparing to unload. He said Israeli authorities "cannot be unaware" of what cargo was inside vessels arriving at their country's ports, and warned that their failure to prevent the grain shipments was undermining bilateral relations. Israel's Foreign Minister, Gideon Saar, said it rejected such "Twitter diplomacy" and that the Ukrainian government had not provided evidence in support of its claims. Kremlin spokesman Dmitry Peskov told journalists that he "would rather not comment on this in any way or get involved in this matter".
(BBC Web page : 28.04.2026 Ali Ahmed)

**UNITED ARAB EMIRATES TO QUIT OIL CARTEL OPEC**

The United Arab Emirates (UAE) is quitting the Opec and Opec+ groups of major oil producing nations next month after nearly 60 years of membership. The UAE said its decision would help it meet growing global energy demand in the long term after recent investments to boost its production capacity. It is seen as a blow to the cartel, with one analyst describing the exit as "the beginning of the end of Opec". The Gulf state's energy minister said being a country with no obligation under the groups would give it more flexibility. The UAE's departure represents a win for US President Donald Trump, who has previously attacked Opec for "ripping off the rest of the world". In January he asked Saudi Arabia and other Opec nations to "bring down the cost of oil" and doubled-down on his threat to use tariffs. And Saul Kavonic, head of energy research at MST Financial, said it was "the beginning of the end" for the alliance. "With the UAE leaving, Opec loses about 15% of its capacity and one of its most compliant members."(BBC Web page : 28.04.2026 Ali Ahmed)

**THIRD UKRAINIAN STRIKE HITS RUSSIAN OIL REFINERY AND PROMPTS EVACUATIONS**

A major Russian oil refinery on the Black Sea has been hit for the third time this month by Ukrainian drones, causing a "massive fire" and forcing the evacuation of people living nearby, local officials have said. Earlier strikes in the past two weeks at the Tuapse refinery caused a big oil spill in the sea and residents reported "black" rain falling on the city and leaving an oily residue everywhere. The Kremlin accused Ukraine of "further increasing the oil shortage in global energy markets... and provoking further destabilisation". Ukraine's military confirmed the latest drone strike, saying such refineries helped fund Russia's full-scale invasion launched in 2022. More than 160 firefighters were deployed to extinguish the blaze,

Krasnodar regional governor Veniamin Kondratyev said on Tuesday. No casualties were reported. In a post on Telegram on Tuesday morning, Kondratyev said firefighters and other rescuers were working in "extremely difficult conditions", and he described their efforts as "true heroism". "Our top priority is preserving the lives and health of city residents and visitors," he added. (BBC Web page : 28.04.2026 Ali Ahmed)

**NZ AXES PLAN FOR WW2 SEX SLAVES STATUE AFTER JAPAN PROTEST**

Plans to erect a statue in New Zealand symbolising the so-called comfort women who were forced into sexual slavery by Japan during World War Two have been rejected. The Japanese embassy had warned that the installation of the structure in a public garden in Auckland "could have a significant impact" on the diplomatic relations between the two countries. The bronze statue, which depicts a girl seated next to an empty chair, was given to New Zealand by the Korean Council for Justice and Remembrance, a non-government group advocating against military sexual slavery. More than 200,000 women and girls, most of them Korean, were forced into prostitution to serve Japanese soldiers during the war. This estimate also includes women from mainland China, the Philippines, Indonesia and Taiwan.
(BBC Web page : 28.04.2026 Ali Ahmed)

**EXECUTIONS IN NORTH KOREA RAMPED UP SIGNIFICANTLY DURING PANDEMIC - REPORT**

Executions rose sharply in North Korea during the Covid-19 pandemic, according to a Seoul-based NGO. From January 2020 to the end of 2024, at least 153 people were executed or sentenced to death - a sharp increase from 44 people in the five years before the pandemic, according to a report by the Transitional Justice Working Group (TJWG). Some of the most common offences were related to religion, superstition and foreign cultural content - including the consumption of K-dramas and K-pop. The number of killings declined between 2015 and 2019 amid international pressure following a landmark UN inquiry. But executions surged in 2020, after Pyongyang closed its borders, said TJWG. The NGO found that executions in North Korea peaked in the early years of Kim's rule, with more than 80 people executed in 2013.(BBC Web page : 28.04.2026 Ali Ahmed)

**RESCUERS RACE TO FREE SURVIVORS TRAPPED INSIDE TRAIN AFTER FATAL INDONESIA CRASH**

Rescuers are racing to try and free people trapped inside a train involved in a fatal collision outside the Indonesian capital Jakarta on Monday. At least 15 people were killed and dozens injured in the accident which took place when a stationary passenger train was hit from behind by a long-distance commuter train running on the same track. Local media ran footage of passengers on medical trolleys near Bekasi Timur Station, with other images showing rescuers trying to free people from the train wreckage. There are still victims who are alive "but they're pinned by train material", Mohammad Syafii, who leads Indonesia's search and rescue agency, told reporters early on Tuesday.
(BBC Web page : 28.04.2026 Ali Ahmed)

## :: THE END ::